

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৩২১.১৬.০০১.২৪-৮১/১

তারিখ: ২৭ অক্টোবর ২০২৫

বিষয়: অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) নির্দেশিকা-২০২৫ প্রতিপালন।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৩২১.১৬.০০১.২৪.৭৬, তারিখ: ০৫/১০/২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর সংশোধিত নির্দেশিকা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত নির্দেশিকা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েব সাইটে দেওয়া হয়েছে।

২। সংশোধিত ইজিপিপি নির্দেশিকায় জলবায়ু অভিযোজনমূলক ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হয়েছে। যার প্রধান বৈশিষ্ট্য সমূহের মধ্যে রয়েছে-

(ক) Responsiveness: বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় জলবায়ু অভিযোজনমূলক নতুন কাজ ইজিপিপিতে অন্তর্ভুক্তকরণ।

(খ) Anticipatory Action: স্থানীয় জলবায়ু ঝুঁকি প্রভাব মোকাবেলার জন্য উপযুক্ত কাজ নির্বাচন, টেকসই অবকাঠামো নির্মাণ এবং স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার সাথে সমন্বয় সাধন।

(গ) Gender Responsiveness: নারী-বান্ধব ও জেন্ডার সংবেদনশীল বিষয়গুলো অন্তর্ভুক্তকরণ।

(ঘ) Timely disbursement: দ্রুততার সাথে মজুরি পরিশোধের জন্য স্থানীয় পর্যায়ে অনুমোদন এবং ডিজিটাল ব্যাংকিং ব্যবস্থা চালু করণ।

এমতাবস্থায়, ২০২৫-২০২৬ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) বাস্তবায়নে সংশোধিত নির্দেশিকা-২০২৫ মোতাবেক ইজিপিপির কার্যক্রম গ্রহণের লক্ষ্যে উক্ত নির্দেশিকা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।


29/10/2025
(সানজিদা ইয়াছমিন)
উপসচিব (দুব্য-২)
মোবাইল: ০১৭১৮০৯১৮২৮
sanzida.yesmin@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার.....(সকল)
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)
- ৫। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা। [পত্রটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা.....(সকল)
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, (সকল)
- ৯। অতিরিক্ত সচিব (দুব্য-২, ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)
- ১০। যুগ্মসচিব (দুব্য-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব সদয় অবগতির জন্য)
- ৯। অফিস কপি



অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)

নির্দেশিকা-২০২৫

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
১.১ অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর সংক্ষিপ্ত বিবরণ	১
১.২ নির্দেশিকার উদ্দেশ্য	১
প্রাতিষ্ঠানিক এবং ব্যবস্থাপনা কাঠামো	২
২.১ সামগ্রিক প্রাতিষ্ঠানিক এবং ব্যবস্থাপনা কাঠামো	২
২.২ কেন্দ্রীয় পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামো	২
২.৩ জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামো	২
২.৪ উপজেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামো	২
২.৪.১ উপজেলা কমিটি	৩
২.৪.২ উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের ভূমিকা ও দায়িত্বাবলী	৪
(১) উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও)	
(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও)	
(৩) উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)	
(৪) ট্যাগ অফিসার	
২.৫ ইউনিয়ন এবং প্রকল্প পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামো	৭
(ক) ইউনিয়ন কমিটি	
(খ) ইউনিয়ন কমিটির দায়িত্বাবলী	
২.৬ (ক) ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি (ডব্লিউপিআইসি)	৮
(খ) ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির দায়িত্ব	
(গ) ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির গঠন এবং কার্যক্রমে নীতি	
প্রকল্প বাস্তবায়ন ও তদারকি	
৩.১ কর্মসূচি চক্র	১০
কর্মসূচি চক্রঃ বাস্তবায়ন ও তদারকি	
৩.২ ইউনিয়ন এবং উপজেলা কর্মপরিকল্পনা	১৫
৩.৩ সামাজিক প্রকল্পের প্রকৃতি ও ধরণ	১৬
৩.৪ নন-ওয়েজ কস্ট	১৮
৩.৫ সামাজিক প্রকল্প নির্বাচন	১৮

৩.৬	সামাজিক ও পরিবেশগত নিরাপত্তা স্ক্রিনিং	২০
৩.৭	উপকারভোগী নির্বাচন ও তালিকাভুক্তির নিয়মাবলী	২১
৩.৭.১	উপকারভোগী নির্বাচনে ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেজ (NHD) এর দারিদ্রসূচক স্কোরের ব্যবহার	২২
৩.৭.২	জবকার্ড প্রদানের নির্দেশনা	২২
৩.৮	বাস্তবায়ন এবং তদারকি	২৩
৩.৮.১	প্রকল্প বাস্তবায়ন ও তদারকির ক্ষেত্রে সর্বপর্যায় প্রধান পদক্ষেপসমূহ গ্রহণ	২৫
৩.৯	মজুরি পরিশোধ	২৬
৩.১০	অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি	২৭
৩.১১	জনগণের নিকট প্রকাশ	২৮
	(ছ) প্রকল্প এলাকায় স্থাপিত সাইন বোর্ড-এর নমুনা	
	(জ) সাইনবোর্ড স্থাপনের নিয়মাবলী	
৩.১২	ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির ব্যয় নির্বাহ	২৯
	আর্থিক ব্যবস্থাপনা ও প্রতিবেদন পদ্ধতি	২৯
৪.০	বাজেটে বরাদ্দকৃত অর্থের বিভাজন	২৯
৪.১	সাধারণ প্রশাসন	২৯
৪.২	ব্যয়ন পদ্ধতি	৩০
৪.৩	হিসাব সংরক্ষণ এবং আর্থিক প্রতিবেদন দাখিল পদ্ধতি	৩০
৫.০	সংগ্রহ নীতি ও ক্রয় পদ্ধতি	৩১
	কর্মসূচি পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি	৩১
৬.১	রেকর্ড ও রেজিস্টার	৩১
৬.২	জাতীয় পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন	৩২
৬.৩	জেলা পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি	৩২
৬.৪	উপজেলা পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি	৩২
৬.৫	ইউনিয়ন পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি	৩২
৬.৬	প্রকল্প পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি	৩৩
৬.৭	নির্দেশিকা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন সংযোজনী	৩৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৩২১.১৬.০০১.২৪.৮১

তারিখ: ২৭ অক্টোবর ২০২৫

অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) নির্দেশিকা-২০২৫

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি" সরকারের অন্যতম বৃহৎ সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি। এ কর্মসূচি কর্মক্ষম দুঃস্থ পরিবারসমূহের জন্য স্বল্পমেয়াদী কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য নিরসন ও দুর্যোগ ঝুঁকিহাসে সক্ষমতা বৃদ্ধিসহ গ্রামীণ অবকাঠামো নির্মাণ/মেরামত/সংস্কার/মজা পুকুর, রাস্তা, ড়েন, বাজার পরিষ্কার/ঘরের ভিটি উচুকরণ ইত্যাদি কর্ম সম্পাদনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি" এর সফল বাস্তবায়ন, যুগোপযোগী এবং অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইতোপূর্বে জারিকৃত নির্দেশিকা সংশোধন/পরিমার্জনক্রমে নিম্নবর্ণিতরূপে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি নির্দেশিকা-২০২৫" জারি করা হলোঃ

১.১ অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর সংক্ষিপ্ত বিবরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় বছরের কর্মহীন মৌসুমে কর্মক্ষম বেকার শ্রমিকদের জন্য ২টি পর্বে ৮০ দিনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। স্বল্পমেয়াদী কর্মসংস্থানের মাধ্যমে কর্মক্ষম দুঃস্থ পরিবারগুলোর দারিদ্র্য নিরসনের মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হাসে সক্ষমতা বৃদ্ধি এ কর্মসূচির উদ্দেশ্য। কর্মসূচির প্রথম পর্বে অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত ৪০ দিন এবং দ্বিতীয় পর্বে মার্চ থেকে এপ্রিল পর্যন্ত ৪০ দিন কর্মসংস্থান করা হয়। তবে সরকার প্রয়োজনবোধে আঞ্চলিক ভিত্তিতে কাজের সময়কাল নির্ধারণ করতে পারবে। শ্রমিক মজুরির হার প্রচলিত বাজার দরের উপর নির্ভর করে সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারণ করা হবে। উপকারভোগীর সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে অধিকতর দারিদ্র্যপীড়িত উপজেলাসমূহে অগ্রাধিকার দেয়া হবে।


১.২ নির্দেশিকার উদ্দেশ্য

প্রচলিত সরকারি নির্দেশনা অনুসরণ করে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)" বাস্তবায়ন করার জন্য এ নির্দেশিকা জারি করা হয়েছে। এটি দেশব্যাপী ইজিপিপি বাস্তবায়ন নির্দেশিকা-২০২৫ হিসেবে ব্যবহৃত হবে।

প্রাতিষ্ঠানিক এবং ব্যবস্থাপনা কাঠামো

২.১ সামগ্রিক প্রাতিষ্ঠানিক এবং ব্যবস্থাপনা কাঠামো

ইজিপিপির প্রাতিষ্ঠানিক কাঠামো কেন্দ্রীয় পর্যায় থেকে তৃণমূল পর্যায় পর্যন্ত নিম্নরূপঃ



২.২ কেন্দ্রীয় পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামো

কেন্দ্রীয় পর্যায়ে প্রধান দুটি অংগ কর্মসূচি ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে। (১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব এর নেতৃত্বাধীন জাতীয় স্টিয়ারিং কমিটি (এনএসসি), (২) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর নেতৃত্বে কেন্দ্রীয় কর্মসূচি বাস্তবায়ন কমিটি (সিপিআইসি)। জাতীয় স্টিয়ারিং কমিটি এবং কেন্দ্রীয় কর্মসূচি বাস্তবায়ন কমিটির দায়িত্বাবলী ও গঠন প্রণালী যথাক্রমে সংযুক্তি-ক এবং সংযুক্তি-খ এ বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

২.৩ জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামো

জেলা পর্যায়ে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার সহায়তায় সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্মসূচির ব্যবস্থাপনা সমন্বয় করবেন। সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নেতৃত্বে জেলা কমিটি গঠিত হবে এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এ কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। জেলা কমিটির দায়িত্বাবলী ও গঠন প্রণালী সংযুক্তি-গ এ বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

২.৪ উপজেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামো

উপজেলা হবে ইজিপিপি কর্মসূচির সামগ্রিক তত্ত্বাবধায়ন ও বাস্তবায়নের কেন্দ্রবিন্দু। প্রতি উপজেলায় উপজেলা কমিটির তত্ত্বাবধানে ইজিপিপি কর্মসূচি বাস্তবায়িত হবে। উপজেলা কমিটির ভূমিকা ও দায়িত্বাবলী হবে নিম্নরূপঃ

২.৪.১ উপজেলা কমিটিঃ

সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা কমিটি গঠিত হবে এবং সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। উপজেলা কমিটির দায়িত্বাবলী নিম্নরূপঃ

- ক. ইউনিয়ন কমিটি কর্তৃক দাখিলকৃত ইউনিয়ন পর্যায়ে প্রকল্প ও উপকারভোগীদের তালিকা সম্বলিত কর্মসূচি বাস্তবায়ন পরিকল্পনা চূড়ান্তকরণ ও অনুমোদন।
- খ. ব্যাংকে উপকারভোগীদের হিসাব খোলার বিষয়টি তদারকি করা।
- গ. সকল সামাজিক প্রকল্পের সার্বিক বাস্তবায়ন, তদারকি ও পরিবীক্ষণের দায়িত্ব পালন।
- ঘ. বাস্তবায়নকালীন প্রকল্পের কারিগরি বিষয়াদি পর্যালোচনা এবং অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করা।
- ঙ. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং জেলা ও ইউনিয়ন কমিটির সাথে সমন্বয় সাধন।
- চ. প্রকল্প প্রস্তাব সংগ্রহের লক্ষ্যে বিভিন্ন সরকারি বিভাগ ও প্রতিষ্ঠান এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন দপ্তরের সাথে সমন্বয় সাধন।
- ছ. ইউনিয়ন কমিটিকে কারিগরি ও প্রশাসনিক বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ/সহায়তা প্রদান।
- জ. প্রকল্প বাস্তবায়নকালে কাজের অগ্রগতি প্রতিবেদন মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও জেলা প্রশাসকের দপ্তর-এ প্রেরণ।
- ঝ. গৃহীত প্রকল্পের তালিকা ও তথ্য এবং উপকারভোগীদের তালিকা জেলা ও উপজেলা পর্যায়ে জনসম্মুখে প্রকাশ ও প্রচার নিশ্চিত করা।
- ঞ. ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সুপারিশ পর্যালোচনান্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।
- ট. সকল আপত্তি/অভিযোগ গ্রহণ ও নির্দিষ্ট সময়ে সমাধান করা।
- ঠ. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও জেলা কমিটি থেকে সময়ে সময়ে প্রাপ্ত অন্যান্য কার্য সম্পাদন করা।
- ড. ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠান তদারকি করা এবং প্রয়োজনে ইউনিয়ন কমিটির সভায় উপজেলা কমিটির প্রতিনিধি প্রেরণ।

উপজেলা কমিটি কর্তৃক প্রণীত উপজেলা পর্যায়ে কর্মসূচি বাস্তবায়ন পরিকল্পনা উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসকের অনুমোদনের জন্য প্রেরণ করবেন। উপজেলা কর্মপরিকল্পনা ইউনিয়ন ভিত্তিক নির্ধারিত হক (সংযুক্তি হক-৮)-এ প্রণীত প্রকল্প প্রস্তাব এবং উপকারভোগীদের তালিকা সম্বলিত হবে। জেলা প্রশাসকের নিকট প্রেরণের ১৫ দিনের মধ্যে মতামত না পাওয়া গেলে উপজেলা পরিকল্পনা অনুমোদিত হয়েছে মর্মে ধরে নিতে হবে।

উপজেলা কমিটির গঠন প্রণালী বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হল:

১.	জাতীয় সংসদের সংশ্লিষ্ট আসনের মাননীয় সদস্য	প্রধান উপদেষ্টা
২.	উপজেলা পরিষদ চেয়ারম্যান	উপদেষ্টা

৩.	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
৪.	উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান (সকল)	সদস্য
৫.	সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	সদস্য
৬.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার	সদস্য
৭.	উপজেলা কৃষি অফিসার	সদস্য
৮.	উপজেলা প্রকৌশলী (এলজিইডি)	সদস্য
৯.	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক	সদস্য
১০.	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য
১১.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
১২.	উপজেলা মহিলা বিষয়ক অফিসার	সদস্য
১৩.	উপজেলা সমবায় অফিসার	সদস্য
১৪.	উপজেলা প্রাণিসম্পদ অফিসার	সদস্য
১৫.	উপজেলা মৎস্য অফিসার	সদস্য
১৬.	উপজেলা সমাজকল্যাণ অফিসার	সদস্য
১৭.	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার	সদস্য
১৮.	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার	সদস্য
১৯.	উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)	সদস্য
২০.	উপজেলার একজন শিক্ষক (ইউএনও কর্তৃক মনোনীত)	সদস্য
২১.	একজন স্বেচ্ছাসেবক প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত)	সদস্য
২২.	উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার (সকল)	সদস্য
২৩.	উপজেলার একজন স্বনামধন্য ব্যক্তি (ইউএনও কর্তৃক মনোনীত)	সদস্য
২৪.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও)	সদস্য সচিব

নিয়মিত সভা অনুষ্ঠান এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য কমিটির সভাপতি ও সদস্য সচিব সহ অর্ধেক সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে। উপজেলা কমিটিতে প্রয়োজন অনুসারে সদস্য কো-অপ্ট করা যাবে।

২.৪.২ উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের ভূমিকা ও দায়িত্বাবলী:

(১) উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও):

উপজেলা নির্বাহী অফিসার নিম্নরূপ দায়িত্ব পালন করবেন:

ক. উপজেলা পর্যায়ে কর্মসূচির সামগ্রিক বাস্তবায়ন তদারকি করা।

- খ. উপজেলা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করা।
- গ. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কমিটির সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে ইজিপিপি একাউন্ট পরিচালিত হবে।
- ঘ. উপজেলা পর্যায়ে অভিযোগ/আপত্তি নিষ্পত্তি অফিসার হিসেবে দায়িত্ব পালন করা।
- ঙ. ইজিপিপি'র সকল বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং জেলা প্রশাসকের দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করা।
- চ. কর্মসূচি বাস্তবায়নে আন্তঃবিভাগীয় সমন্বয় সাধন করা।
- ছ. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং জেলা প্রশাসকের দপ্তর কর্তৃক প্রদত্ত প্রাসঙ্গিক যে কোন কার্যসম্পাদন করা।
- জ. ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠান তদারকি করা এবং প্রয়োজনে ইউনিয়ন কমিটির সভায় উপজেলা কমিটির প্রতিনিধি প্রেরণ।

(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও):

উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা নিম্নরূপ দায়িত্ব পালন করবেন:

- ক. প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে প্রশাসনিক সহায়তা প্রদান করা।
- খ. উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সাথে নিয়মিত সমন্বয় সাধন করা।
- গ. কর্মসূচির কার্যকর বাস্তবায়নের জন্য ইউনিয়ন কমিটিসমূহের সাথে যোগাযোগ রক্ষা করা।
- ঘ. কর্মসূচির বিষয়ে স্থানীয় পর্যায়ে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণ করা।
- ঙ. ইউনিয়ন/উপজেলা পরিকল্পনায় পরিবেশগত ও সামাজিক বিষয়াদি পর্যালোচনা করে নেতিবাচক প্রভাব নিরসনে প্রয়োজনীয় প্রতিকারের সুপারিশ প্রদান করা।
- চ. প্রকল্প বাস্তবায়ন তদারকি করা।
- ছ. নিয়মিত সকল প্রকার প্রতিবেদন প্রস্তুত এবং দাখিল করা।
- জ. উপজেলা কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন এবং সভার কার্যবিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করা।
- ঝ. কর্মসূচি সম্পর্কিত সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসারকে সহযোগিতা করা।
- ঞ. এমআইএস এ যথাসময়ে তথ্য প্রদান করা।
- ট. প্রাথমিক জলবায়ু ঝুঁকি নিরসন সম্পর্কিত অবকাঠামোগত কাজের স্ট্যান্ডার্ড ড্রয়িং করণ, ব্যয়ের বিস্তারিত প্রাক্কলন প্রস্তুত করা এবং ডিজাইন অনুযায়ী বাস্তবায়ন তদারকি করা।
- ঠ. মাঠ পর্যায়ের যাচাই ও এমবিবির (মেজারিং বুক) তথ্য অনুযায়ী কাজের মজুরি পরিশোধ করা।
- ড. শ্রমিকদের হাজিরার সফট এবং হার্ড কপি সংরক্ষণ করা।

(৩) উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প):

উপজেলা পর্যায়ে উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) এর তত্ত্বাবধানে নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবেনঃ

১. ইউনিয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিবকে সহায়তা করা এবং প্রয়োজনে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সাথে সমন্বয় করা।
২. প্রকল্প এলাকায় উপকারভোগী নির্বাচন এবং তালিকাভুক্তির বিষয়ে সংশ্লিষ্ট কমিটিসমূহকে সহায়তা প্রদান করা;
৩. ইউনিয়ন পরিকল্পনা প্রণয়নে অংশগ্রহণ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সাথে যৌথভাবে ইউনিয়ন পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা;
৪. সামাজিক প্রকল্পের পরিবেশগত ও সামাজিক স্ক্রিনিং কাজে ইউনিয়ন কমিটিকে সহায়তা প্রদান করা;
৫. প্রত্যেক ইউনিয়নে তালিকাভুক্ত সকল উপকারভোগীর জব কার্ড প্রস্তুতকরণ এবং কাজ আরম্ভের পূর্বে প্রত্যেক ইউনিয়নে নির্দিষ্ট দিনে তা বিতরণ নিশ্চিত করা;
৬. নিয়মিতভাবে উপজেলার সামাজিক প্রকল্পের কাজ পরিদর্শন করা;
৭. হাজিরা রেজিস্টার এবং জব কার্ডের মধ্যে সঙ্গতি নিশ্চিত করার জন্য নিয়মিত প্রকল্প স্থানে কাগজপত্রাদি যাচাই করা;
৮. জব কার্ডে বর্ণিত শ্রমিক হাজিরা ও প্রাপ্যতার বিবরণীর বিপরীতে নির্ধারিত কলামে প্রতিস্বাক্ষর করা;
৯. বিভিন্ন প্রকল্প সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট দাখিল করা;
১০. উপজেলা সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি বাস্তবায়নে সহায়তা করা;
১১. ইউনিয়ন ও উপজেলা ভিত্তিক সকল নির্বাচিত উপকারভোগীদের মাস্টার রোল (ছক-২০ ও ছক-২১) নিয়মিত যাচাই এবং হালনাগাদ করা;
১২. স্থানীয় পর্যায় হতে প্রাপ্ত প্রতিবেদন নিয়মিত সংকলন ও ইউনিয়ন/উপজেলা পর্যায়ে প্রতিবেদন প্রস্তুতে সহায়তা করা;
১৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের প্রাক ও কার্যোত্তর জরিপ গ্রহণে সহায়তা করা;
১৪. শ্রমিক মুজুরি পরিশোধের জন্য সমন্বিত মাস্টার রোল (ছক-২২) যাচাই ও স্বাক্ষরপূর্বক প্রতিস্বাক্ষরের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট দাখিল করা।
১৫. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নির্দেশনায় উপ-সহকারী প্রকৌশলীর দায়িত্বাধীন সকল উন্নয়নমূলক প্রকল্পের রক্ষণাবেক্ষণ কাজের প্রাক্কলন প্রণয়ন, তাদারকিসহ নিয়মিত অগ্রগতির প্রতিবেদন দাখিল করা;
১৬. উপ-সহকারী প্রকৌশলীর দায়িত্বাধীন সকল কাজ নিয়মিত তদারকি করা এবং কাজের গুণগতমান নিশ্চিত করা;

১৭. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অন্যান্য প্রকল্প বাস্তবায়নে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;
১৮. এমআইএস এ যথাসময়ে তথ্য প্রদান করা।
১৯. জলবায়ুর ঝুঁকি নিরসন সংক্রান্ত অবকাঠামোগত কাজের স্ট্যান্ডার্ড ড্রয়িংকরণে ও ব্যয়ের বিস্তারিত প্রাক্কলন প্রস্তুতিতে এবং ডিজাইন অনুযায়ী বাস্তবায়ন তদারকীতে পিআইওকে সহায়তা প্রদান করা।
২০. মাঠ পর্যায়ে সম্পাদিত কাজের চূড়ান্ত পরিমাপ, যাচাইকার্য, সমাপ্তি প্রতিবেদন প্রস্তুত এবং মজুরি পরিশোধে পিআইওকে সহায়তা প্রদান করা।
২১. মাঠ পর্যায়ে শ্রমিকদের প্রতিদিনের কাজের পরিমাণ নির্ধারণ করা।

(৪) ট্যাগ অফিসারঃ

- ক. তিনি উপকারভোগী এবং প্রকল্প বাছাইয়ের সভায় আবশ্যিকভাবে উপস্থিত থেকে গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রত্যয়ন দিবেন;
- খ. তিনি যাচাইকৃত উপকারভোগী ও প্রকল্পের বিবুদ্ধে প্রাপ্ত অভিযোগ তদন্ত করে তার মতামতসহ উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন দিবেন যার কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন কমিটির সভাপতিকে প্রদান করবেন;
- গ. তিনি প্রকল্প বাস্তবায়ন এবং মজুরি পরিশোধ কার্যক্রম তদারকি করবেন;
- ঘ. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

২.৫ ইউনিয়ন এবং প্রকল্প পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামোঃ

ইজিপিপি এর ইউনিয়ন কমিটি ও ডব্লিউপিআইসি-এর দায়িত্ব এবং গঠন কাঠামো নিম্নরূপঃ

(ক) ইউনিয়ন কমিটিঃ

১.	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সভাপতি
২.	ইউনিয়ন পরিষদের সকল সদস্য	সদস্য
৩.	সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার (সকল)	সদস্য
৪.	উপ-সহকারী কৃষি কর্মকর্তা	সদস্য
৫.	মাঠ সহকারী (বিআরডিবি)	সদস্য
৬.	সমাজকর্মী (সমাজসেবা অধিদপ্তর)	সদস্য
৭.	সম্মিলিত ওয়ার্ড থেকে একজন করে মহিলা প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) মোট ৩জন	সদস্য
৮.	শিক্ষক প্রতিনিধি- ০১জন (ইউএনও কর্তৃক মনোনীত)	সদস্য
৯.	ইউনিয়ন পরিষদ সচিব	সদস্য



(খ) ইউনিয়ন কমিটির দায়িত্বাবলীঃ

১. ইউনিয়ন পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন।
২. উপজেলা কমিটি থেকে প্রাপ্ত নীতিমালা ও মাপকাঠির আলোকে ওয়ার্ড মেম্বার ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে পরামর্শক্রমে উপকারভোগী ও সামাজিক প্রকল্প নির্বাচন করা।
৩. নির্বাচিত সামাজিক প্রকল্পের এবং উপকারভোগীদের তালিকার ভিত্তিতে ইউনিয়ন পরিকল্পনা প্রণয়ন করে উপজেলা কমিটির অনুমোদনের জন্য প্রেরণ।
৪. ব্যাংক হিসাবের মাধ্যমে নির্বাচিত উপকারভোগীদের মজুরি প্রদানের জন্য উপকারভোগীদের ব্যাংক হিসাব খোলা এবং প্রত্যেক উপকারভোগীর মজুরি ব্যাংকের মাধ্যমে প্রদান নিশ্চিত করা।
৫. অনুমোদিত উপকারভোগী এবং সামাজিক প্রকল্পের তালিকা সংরক্ষণ।
৬. প্রকল্পের পরিবেশগত ও সামাজিক মূল্যায়ন সম্পাদন করা।
৭. উপজেলা কমিটির সাথে যোগাযোগ রক্ষা করা।
৮. ডব্লিউপিআইসি'র সহায়তায় সকল প্রয়োজনীয় নথিপত্র এবং রেজিস্টার প্রস্তুত এবং ইউনিয়ন পরিষদে সংরক্ষণ।
৯. ডব্লিউপিআইসি'র সাথে সমন্বয় করে সময়মত তথ্য সংগ্রহপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ নিশ্চিত করা। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূর্বে, প্রকল্প বাস্তবায়নের মাঝামাঝি সময়ে, বাস্তবায়ন শেষে এবং অন্য কোন সময় প্রয়োজনে ডব্লিউপিআইসি'র সাথে সমন্বয় সভায় মিলিত হয়ে প্রকল্পের অগ্রগতি ও সমস্যা পর্যালোচনা এবং তা সমাধানের পদক্ষেপ নেয়া এবং এ সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা।
১০. বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শনের জন্য এমনভাবে পরিদর্শনসূচি প্রণয়ন যাতে প্রত্যেক সপ্তাহে প্রতিটি প্রকল্প কমপক্ষে একবার ডব্লিউপিআইসি ব্যতীত ইউনিয়ন কমিটির সভাপতি বা অন্য সদস্য দ্বারা পরিদর্শিত হয়।
১১. প্রকল্প তালিকার সাথে ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটিও অনুমোদনের জন্য উপজেলায় প্রেরণ করা।
১২. সময় সময়ে উপজেলা/জেলা কমিটি কর্তৃক প্রদত্ত অন্যান্য কাজ সম্পাদন করা।

২.৬ ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি (ডব্লিউপিআইসি):

- ক. ইউনিয়ন কমিটি কর্তৃক প্রত্যেক প্রকল্পের জন্য ৫-৭ সদস্য বিশিষ্ট একটি ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠিত হবে এবং উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত হবে। কমিটির গঠন কাঠামো নিম্নরূপঃ

সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রকল্প বাস্তবায়ন কমিটি

১.	সংরক্ষিত মহিলা সদস্য/নির্বাচিত ওয়ার্ড সদস্য	সভাপতি
২.	শিক্ষক প্রতিনিধি (প্রধান শিক্ষক) ১জন (ইউএনও কর্তৃক মনোনীত)	সদস্য

৩.	ওয়ার্ডের ২ জন নারী প্রতিনিধি (ইউপি চেয়ারম্যান কর্তৃক মনোনীত)	সদস্য
৪.	গণ্যমান্য ব্যক্তি ১জন (ইউএনও কর্তৃক মনোনীত)	সদস্য

ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রয়োজনে সর্বাধিক দুই জন সদস্য কো-অপ্ট করতে পারবে এবং কমিটির যে কোন সদস্যকে সদস্য-সচিব হিসাবে নির্বাচন করতে পারবে।

খ. ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির দায়িত্বঃ

১. প্রকল্পের দৈনন্দিন কার্যক্রম বাস্তবায়ন করা।
২. প্রকল্প বাস্তবায়ন শুরুর পূর্বে, প্রকল্প বাস্তবায়নের মাঝামাঝি সময়ে, বাস্তবায়ন শেষে এবং অন্য কোন সময় প্রয়োজনে সভায় মিলিত হয়ে প্রকল্পের অগ্রগতি ও সমস্যা পর্যালোচনা এবং তা সমাধানের পদক্ষেপ নেয়া। সভার কার্যবিবরণী ইউনিয়ন কমিটির সভাপতি বরাবর প্রেরণ করা। সভায় স্থানীয় স্টেকহোল্ডারদের আমন্ত্রণ জানানো যাবে
৩. কর্মক্ষেত্রে উপকারভোগীদের হাজিরা গ্রহণ এবং পারিশ্রমিক প্রদান নিশ্চিত করা।
৪. ইউনিয়ন কমিটির সাথে যোগাযোগ রক্ষা করা।
৫. সকল প্রয়োজনীয় তথ্য যথা- হাজিরা খাতা, নিবন্ধন রেজিস্টার, মজুরি পরিশোধ রেজিস্টার, নন-ওয়েজ খরচের রেজিস্টার ইত্যাদি প্রস্তুত করা এবং প্রকল্প বাস্তবায়ন শেষে ইউনিয়ন পরিষদে সংরক্ষণ করা।
৬. প্রকল্প এলাকায় প্রয়োজনীয় তথ্য সম্বলিত সাইন বোর্ড/বিলবোর্ড স্থাপন করা।
৭. সংশ্লিষ্ট প্রকল্পের কাজের অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন করে ইউনিয়ন কমিটির নিকট দাখিল করা।


গ. ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির গঠন এবং কার্যক্রমে নিম্নোক্ত নীতি অনুসরণ করতে হবেঃ

- (১) ইউনিয়ন পরিষদ কর্তৃক আয়োজিত সভায় ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য এবং ওয়ার্ডের গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠিত হবে। ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবর্গকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ড এর বাসিন্দা হতে হবে।
- (২) সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থনে সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য বা মহিলা সদস্য ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি হবেন। ওয়ার্ড সদস্য কর্তৃক আয়োজিত ওয়ার্ড পর্যায়ে উন্মুক্ত সভায় কমিটির অন্যান্য সদস্য মনোনীত হবেন। স্থানীয় ওয়ার্ড সদস্য ছাড়াও একজন স্কুল শিক্ষক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি কমিটির সদস্য হবেন। ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি একজন সদস্যকে কমিটির সদস্য-সচিব মনোনীত করবেন।
- (৩) একজন ব্যক্তি একটি মাত্র ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি হতে পারবেন।

প্রকল্প বাস্তবায়ন ও তদারকি

৩.১ কর্মসূচি চক্রঃ

নিম্নে প্রদত্ত চক্র থেকে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির প্রকল্প বাস্তবায়ন ও তদারকির জন্য ধারাবাহিকভাবে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা পাওয়া যাবে।



কর্মসূচি চক্রের বিস্তারিত বিবরণ অপর পৃষ্ঠায় প্রদান করা হলোঃ

কর্মসূচি চক্রঃ বাস্তবায়ন ও তদারকি

নং	পদক্ষেপ	সম্পাদনকারী	উদ্দেশ্য
১.	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক কাজ আরম্ভ ও সমাপ্তির তারিখ এবং উপজেলা ওয়ারী বাজেট বরাদ্দ প্রদানসহ কর্মসূচি শুরুর ঘোষণা প্রদান।	*দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।	* কর্মসূচি পর্ব শুরুর উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্টসকলকে অবহিত করা; *চলতি কর্মসূচি পর্ব অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ

(Handwritten signature)

		*সকল জেলা প্রশাসক, সকল উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস।	আরম্ভ ও সমাপ্তির তারিখ ঘোষণা করা। *উপজেলাওয়ারী কর্মসূচির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ জানানো।
২.	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে মজুরি ও নন-ওয়েজ বরাদ্দকৃত অর্থ উপজেলার ইজিপিপি একাউন্টে স্থানান্তর।	*দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। *প্রধান হিসাবরক্ষণ অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা হিসাবরক্ষণ অফিসার ও সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক।	*উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প অফিসার কর্তৃক যৌথভাবে পরিচালিত উপজেলা ইজিপিপি একাউন্টে বরাদ্দকৃত অর্থ স্থানান্তর নিশ্চিত করা।
৩.	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রকল্প ও উপকারভোগী নির্বাচনের জন্য পত্র লিখা।	*উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কমিটি ও ইউনিয়ন পরিষদ।	*ইউনিয়ন পর্যায়ের কর্মসূচি সম্পর্কে অবহিত করা এবং প্রকল্প ও উপকারভোগী নির্বাচন কার্যক্রম শুরু করা।
৪.	উপকারভোগী রেজিস্ট্রেশন ও স্থানীয়ভাবে প্রকল্প নির্বাচনের লক্ষ্যে জনসাধারণকে অবহিতকরণের জন্য বিজ্ঞপ্তি প্রদান।	*ইউনিয়ন কমিটি, ট্যাগ অফিসার, উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প), ওয়ার্ড মেম্বার।	* কর্মসূচি আরম্ভ সম্পর্কে ইউনিয়ন পরিষদ প্রকল্প ও উপকারভোগী নির্বাচনের জন্য প্রকল্প এলাকায় মাইকিংসহ উদ্যোগ গ্রহণ করবে। উপকারভোগীসহ জনসাধারণকে অবহিত করা এবং উপকারভোগী রেজিস্ট্রেশন ও সামাজিক প্রকল্প নির্বাচন সম্পর্কে অবহিত করা।
৫.	ওয়ার্ড পর্যায়ে পরিকল্পনা গ্রহণ বিষয়ে প্রথম সভা।	উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প), ট্যাগ অফিসার, ওয়ার্ড মেম্বার, কমিউনিটি সদস্য ও উপকারভোগী।	*স্থানীয় প্রয়োজন ও অগ্রাধিকার বিবেচনায় সামাজিক প্রকল্প নির্বাচন। *অগ্রাধিকার ভিত্তিতে সামাজিক প্রকল্প নির্বাচন করা (ছক-১, ছক-২)

			ও ছক-৪ অনুসারে) এবং নির্ধারিত যোগ্যতার ভিত্তিতে সম্ভাব্য উপকারভোগীর ছক-৫ অনুসারে তালিকা প্রস্তুতকরণ। ইউনিয়ন কমিটির নিকট ওয়ার্ড ভিত্তিক সামাজিক প্রকল্প ও সম্ভাব্য উপকারভোগীর তালিকা দাখিল করা।
৬.	ওয়ার্ড ভিত্তিক সামাজিক প্রকল্পের অগ্রাধিকার তালিকা ও সম্ভাব্য উপকারভোগীর তালিকা সম্পর্কে পর্যালোচনা।	*ইউনিয়ন কমিটি, ট্যাগ অফিসার, উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)।	*ওয়ার্ডের প্রস্তাবিত সামাজিক প্রকল্পের পরিবেশগত ও সামাজিক বিষয়াদি পর্যালোচনা করা। * ওয়ার্ড ভিত্তিক উপকারভোগী এর তালিকাভুক্তকরণ এবং স্থানীয় প্রকল্পের উপযোগীতা পর্যালোচনা। *স্থানীয় প্রকল্প ও উপকারভোগী নির্বাচনে স্বচ্ছ নীতিমালা অনুসরণ এবং প্রতিটি প্রকল্পের পরিবেশগত ও সামাজিক বিষয়াদি বিশ্লেষণ করে প্রকল্পের অগ্রাধিকার নির্ধারণ।
৭.	প্রতিটি সামাজিক প্রকল্পের বিস্তারিত ডিজাইন ও বাজেটসহ স্থানীয় প্রকল্প চূড়ান্তকরণ এবং ইউনিয়ন পরিকল্পনা প্রণয়ন।	*ইউনিয়ন কমিটি, উপজেলা নির্বাহী অফিসার, পিআইও, উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প), কমিউনিটি সদস্য, কারিগরি বিশেষজ্ঞ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়োজিত উপজেলা পর্যায়ের অফিসার)	*উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) কর্তৃক স্থানীয় প্রকল্পের ডিজাইন ও বাজেট সম্পর্কিত কারিগরি তথ্যাবলী প্রদান। *নির্বাচিত স্থানীয় প্রকল্পের ডিজাইন ও বাজেট চূড়ান্তকরণ (ছক-৬ অনুসারে)। *সামাজিক প্রকল্পের তালিকা এবং সম্ভাব্য উপকারভোগীর তালিকা

			<p>অনুসারে ইউনিয়ন পরিকল্পনা প্রস্তুতকরণ।</p> <p>*ইউনিয়ন কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে খসড়া ইউনিয়ন পরিকল্পনা অনুমোদন।</p>
৮.	<p>খসড়া ইউনিয়ন পরিকল্পনা উপজেলা কমিটির নিকট দাখিল।</p>	<p>*ইউনিয়ন কমিটি, উপজেলা কমিটি, পিআইও, উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)</p>	<p>*পর্যালোচনা ও অনুমোদনের জন্য খসড়া ইউনিয়ন পরিকল্পনা উপজেলা কমিটির নিকট দাখিল করা (ছক-৭ অনুসারে)।</p> <p>*প্রত্যেক ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত ইউনিয়ন পরিকল্পনা পর্যালোচনা করা। (ক) সামাজিক প্রকল্পের পরিবেশগত ও সামাজিক বিষয়াদি পর্যালোচনা। (খ) সামাজিক প্রকল্পের ডিজাইন ও প্রস্তাবিত বাজেট উপজেলা কারিগরি বিশেষজ্ঞ / উপজেলা কমিটি কর্তৃক পর্যালোচনা।</p>
৯.	<p>উপজেলা পরিকল্পনা চূড়ান্তকরণ ও অনুমোদন।</p>	<p>*উপজেলা কমিটি</p>	<p>*সামাজিক প্রকল্প ও উপকারভোগীর তালিকা এবং বাজেট (বরাদ্দ) সহ উপজেলা পরিকল্পনা চূড়ান্তকরণ।</p> <p>*উপজেলা কমিটি কর্তৃক সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে চূড়ান্ত উপজেলা পরিকল্পনা অনুমোদন।</p>
১০.	<p>আনুষ্ঠানিক অনুমোদনের জন্য উপজেলা পরিকল্পনা জেলা প্রশাসকের নিকট দাখিল।</p>	<p>*ইউএনও, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক।</p>	<p>*সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ১৫ দিনের মধ্যে উপজেলা পরিকল্পনা অনুমোদন।</p>

১১.	বাজেট বরাদ্দসহ ইউনিয়ন ভিত্তিক অনুমোদিত সামাজিক প্রকল্পের তালিকা ও উপকারভোগীর তালিকা সম্পর্কে ইউনিয়ন কমিটির সাথে মতবিনিময়।	*উপজেলা কমিটি, পিআইও, উপ- সহকারী প্রকৌশলী (প্রকল্প), ইউনিয়ন কমিটি।	*প্রত্যেক ইউনিয়নের অনুমোদিত সামাজিক প্রকল্প ও উপকারভোগীর তালিকা নিশ্চিতকরণ।
১২.	ওয়ার্ড পর্যায়ের দ্বিতীয় উন্মুক্ত সভা	ওয়ার্ড/ ইউপি সদস্য, উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প), ট্যাগ অফিসার এবং কমিউনিটি সদস্য।	*অনুমোদিত সামাজিক প্রকল্পের তালিকা, উপকারভোগীর তালিকা ও বাজেট বরাদ্দসহ ইউনিয়ন পরিকল্পনা জনসম্মুখে উপস্থাপন। * ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির জন্য সদস্য নির্বাচন এবং ডল্লিউপিআইসি গঠন। *দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত কাজ শুরু ও সমাপ্তির তারিখ অনুসারে কাজ আরম্ভের পরিকল্পনা গ্রহণ। *অনুমোদিত ইউনিয়ন পরিকল্পনা অনুসারে তালিকাভুক্ত উপকারভোগীকে জবকার্ড প্রদান। *তালিকাভুক্ত উপকারভোগীদের প্রাপ্য মজুরি গ্রহণের জন্য ব্যাংক হিসাব খোলার ব্যবস্থা করা।
১৩.	অনুমোদিত সামাজিক প্রকল্প , উপকারভোগী এবং বাজেট বরাদ্দ সম্পর্কে ইউনিয়ন পরিকল্পনার বিস্তারিত বিবরণ ইউপি কার্যালয়ে নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচার, প্রকল্প	*ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন কমিটি, ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি	*জনগণের নিকট কর্মসূচির স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।

	এলাকায় সাইনবোর্ডে/বিলবোর্ড স্থাপন।		
১৪.	সামাজিক প্রকল্প বাস্তবায়ন এবং তদারকিকরণ	ইউনিয়ন কমিটি, ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি, ব্যাংক, কমিউনিটি সদস্য, উপকারভোগী	*ইউনিয়ন পরিকল্পনা অনুসারে সামাজিক প্রকল্প যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ। *উপকারভোগীদের মজুরি সময়মত পরিশোধ করা। *প্রকল্পের কাজ সময়মত তদারকিকরণ ও পরিবীক্ষণ নিশ্চিতকরণ।

৩.২ ইউনিয়ন এবং উপজেলা কর্মপরিকল্পনাঃ

(ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)-এর তত্ত্বাবধানে প্রত্যেক ইউনিয়ন কমিটি সংশ্লিষ্ট ইউনিয়ন কর্মপরিকল্পনার ভিত্তিতে প্রস্তাবিত প্রকল্প ও উপকারভোগী (ছক-৭ অনুসারে) উপজেলা কমিটির নিকট পাঠাবে। সংশ্লিষ্ট অর্থবছরের শুরুতে ইউনিয়ন পরিকল্পনা প্রনয়ণ ও অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। উপজেলা কমিটি ইউনিয়ন পরিকল্পনা চূড়ান্তকরণ ও অনুমোদনের পর উপজেলা কর্মপরিকল্পনা (ছক-৮ অনুসারে) প্রণয়ন করবে।

উপজেলা কর্মপরিকল্পনা প্রণয়নের সময় উপজেলা কমিটি নিশ্চিত করবে যে, উক্ত পরিকল্পনা উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার আলোকে প্রণীত হয়েছে এবং প্রাথমিক জলবায়ু ঝুঁকি নিরসনকে প্রাধান্য দিয়ে প্রকল্প নেয়া হয়েছে।

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা-

১. উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সংশ্লিষ্ট উপজেলায় বিরাজমান জলবায়ু ঝুঁকির আলোকে দুর্যোগ প্রস্তুতি, প্রশমন, জরুরি সাড়াদান, সমন্বয় এবং পূর্ণগঠনের নিমিত্ত সমন্বিত কাঠামোবদ্ধ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করবে। এক্ষেত্রে সকল বিভাগ/প্রতিষ্ঠানের (সরকারি-বেসরকারি) আন্তসহযোগিতা নিশ্চিত করতে হবে।

২. বিভাগওয়ারী জলবায়ু দুর্যোগ ঝুঁকির তালিকা:

বরিশাল: বন্যা, সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা, জলোচ্ছাস, তাপপ্রবাহ, শৈত্যপ্রবাহ, নদী ভাঙ্গন, বজ্রপাত, ঘূর্ণিঝড়, টর্নেডো।

চট্টগ্রাম: আকস্মিক বন্যা (পার্বত্য এলাকা), জলোচ্ছাস, সাগরের পানির অম্লত্ব, তাপপ্রবাহ, শৈত্যপ্রবাহ, বন্যা, বজ্রপাত, সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা, ভূমিধস, টর্নেডো, ঘূর্ণিঝড়।

ঢাকা: বন্যা, সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা, জলোচ্ছাস, তাপপ্রবাহ, শৈত্যপ্রবাহ, নদী ভাঙ্গন, বজ্রপাত, সাগরের পানির অম্লত্ব, টর্নেডো।

খুলনা: বন্যা, সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা, জলোচ্ছাস, খরা, ঘূর্ণিঝড়, টর্নেডো।

রাজশাহী: বন্যা, তাপপ্রবাহ, শৈত্যপ্রবাহ, নদী ভাঙ্গন, বজ্রপাত, খরা, টর্নেডো।

রংপুর: বন্যা, আকস্মিক বন্যা, খরা, নদী ভাঙ্গন, তাপপ্রবাহ, শৈত্যপ্রবাহ, বজ্রপাত, টর্নেডো।

ময়মনসিংহ: বন্যা, আকস্মিক বন্যা, নদী ভাঙ্গন, টর্নেডো।

সিলেট: হাওর/নদী ভাঙ্গন, বন্যা, আকস্মিক বন্যা, বজ্রপাত, টর্নেডো, ভূমিকম্প।

উপজেলা কমিটি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিকল্পনা জেলা প্রশাসকের নিকট দাখিল করবে।

উপজেলা পরিকল্পনা অবশ্যই ইউনিয়ন ভিত্তিক প্রকল্প ও উপকারভোগীর তালিকা সম্বলিত হতে হবে।

৩.৩ সামাজিক প্রকল্পের প্রকৃতি ও ধরনঃ

অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির প্রকল্প হিসেবে নিম্নরূপ প্রকল্প গ্রহণ করা যাবেঃ

- ❖ সেচ কাজের জন্য এবং জলাবদ্ধতা নিরসনের জন্য খাল/নালা খনন/পুনঃখনন;
- ❖ বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ (পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সুপারিশকৃত);
- ❖ সর্বসাধারণের ব্যবহারযোগ্য সরকারী/প্রাতিষ্ঠানিক পুকুর খনন/পুনঃখনন;
- ❖ বিভিন্ন শিক্ষা, সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের প্রাঙ্গণে মাটিভরাট, পায়খানা নির্মাণ;
- ❖ বাঁশের সাঁকো নির্মাণ;
- ❖ ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রের নিকটবর্তী স্থানে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের সময় প্রাণিসম্পদের আশ্রয়ের জন্য মাটির টিলা নির্মাণ ও পুনঃনির্মাণ;
- ❖ আবর্জনা স্তুপ/জৈব সার তৈরির জন্য স্তুপ তৈরিকরণ;
- ❖ হেলিপ্যাড উন্নয়ন;
- ❖ প্রাণিসম্পদের বাজারের আঁজিনা/ডেনেজ উন্নয়ন;
- ❖ সেচের এলাকা বৃদ্ধির উদ্দেশ্যে:
 - ক. খরাপ্রবণ এলাকায় কনট্যুর বাঁধ/আল তৈরি
 - খ. ছোট ছোট নদীনালা পুণ খনন
 - গ. কুপ/ফার্ম কুপ খনন
 - ঘ. খালের আস্তরণ (Lining) নির্মাণ
 - ঙ. বৃষ্টির পানি ধারণের কাঠামো নির্মাণ
- ❖ ভূগর্ভস্থ পানি বৃদ্ধির উদ্দেশ্যে
 - ক. পানি পুনর্ভরণ কুপ খনন
 - খ. বালির ফিল্টারের সাহায্যে কৃত্রিমভাবে কূপের পানি পুনর্ভরণ
 - গ. ধাপ-বিশিষ্ট পরিখা খনন
 - ঘ. বৃষ্টির পানি ধারণের কাঠামো নির্মাণ

- ❖ বনের পরিমাণ বৃদ্ধির উদ্দেশ্যে
 - ক. তৃণভূমি সৃজন ও কৃষি বনায়ন
 - খ. বনের বাস্তুসংস্থান পুনরুদ্ধার
 - গ. রাস্তা-খালের পাশে এবং সরকারি প্রতিষ্ঠানের আশিনায় পরিবেশবান্ধব গাছ লাগানো
 - ঘ. নতুন বন সৃষ্টি
- ❖ বন্যা/জলাবদ্ধতা দূরীকরণের উদ্দেশ্যে:
 - ক. সংযোগ ডেন নির্মাণ
 - খ. জলোচ্ছ্বাসের পানি নিষ্কাশনের জন্য ডেন নির্মাণ
 - গ. জলাবদ্ধ এলাকায় ডেন নির্মাণ
 - ঘ. ডাইভারশন চ্যানেল নির্মাণ
 - ঙ. বন্যা নিষ্কাশন চ্যানেলের গভীরতা বাড়ানো/সংস্কার করা
 - চ. আন্ত-সংযোগ পুকুর খনন
 - ছ. নদী/জলাশয়ের পাশে জমাকৃত বালি/মাটি অপসারণ
 - জ. জৈব নিষ্কাশন
- ❖ জলোচ্ছ্বাস ব্যবস্থাপনার উদ্দেশ্যে
 - ক. পরিবেশ বান্ধব/জৈব প্রকৌশলের মাধ্যমে নদীতীর সংরক্ষণ
 - খ. বাঁধ/অববাহিকা, জলাভূমি সংরক্ষণ
 - গ. উপকূল/মোহনায় পরিবেশ বান্ধব পলি নিষ্কাশন
 - ঘ. গাছপালা (যেমন: ম্যানগ্রোভ) ব্যবহারের মাধ্যমে জৈব প্রকৌশলীর বাঁধ নির্মাণ
- ❖ তীর গরম ব্যবস্থাপনার উদ্দেশ্যে
 - ক. রাস্তা/ রেললাইন এর পাশে বৃক্ষরোপণ এর মাধ্যমে সবুজ করিডোর স্থাপন।
 - খ. বাস স্টেশন/রেল স্টেশন/লঞ্চ স্টেশন এ অপেক্ষমাণ যাত্রীদের জন্য শেড/যাত্রী ছাউনি নির্মাণ।
- ❖ নদীভাঞ্জন রোধের উদ্দেশ্যে
 - ক. উল্লম্ব বাধা নির্মাণের মাধ্যমে নদীর তীর সংরক্ষণ
 - খ. সমুদ্র প্রাচীর নির্মাণ
 - গ. গাছপালা রোপণ
 - ঘ. বালিয়াড়ি নির্মাণ/বালিয়াড়িতে ঘাস এবং বেড়ার মাধ্যমে বায়ুতাড়িত বালি আটকানো
 - ঙ. পানিতে নিমজ্জমান উদ্ভিদ যেমন সমুদ্র ঘাস রোপণ
- ❖ বৃষ্টির পানি সংরক্ষণের জন্য জলাধার নির্মাণ;
- ❖ গ্রামীণ রাস্তা মেরামত/সংস্কার
- ❖ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত অন্যান্য প্রকল্প।
- ❖ বন্যা প্রবণ নির্বাচিত ১৯টি জেলায় (সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, সুনামগঞ্জ, জামালপুর, ফরিদপুর, রাজবাড়ী, টাঙ্গাইল, মাদারীপুর, শরীয়তপুর, মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, চাঁদপুর,

রাজশাহী) নিম্নোক্ত ৩ টি ক্যাটাগরীকে প্রাধান্য দিয়ে বন্যা ঝুঁকি হ্রাসের লক্ষ্যে অগ্রাধিকার তালিকার ভিত্তিতে বসতভিটা উঁচু করা হবে;

- ক. দুঃস্থ/ অসহায় পরিবারে কর্মক্ষম ব্যক্তি নেই;
- খ. পরিবার প্রধান প্রতিবন্ধী/ মহিলা/ তৃতীয় লিঙ্গ/ ষাটোর্ধ বয়সী;
- গ. নিজস্ব অর্থায়নে বসতভিটা উঁচু করার সামর্থ নেই;

❖ "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" সংক্রান্ত কার্যক্রমের অংশ হিসেবে মজা পুকুর, ঝোপঝাড়, হাটবাজার ও রাস্তাঘাট পরিষ্কার করা।

৩.৪ নন-ওয়েজ কন্সটঃ

- ক. প্রকল্প বাস্তবায়নে ব্যবহারের জন্য যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী ক্রয় এবং দক্ষ শ্রমিকদের মজুরি প্রদানের জন্য উপজেলার মোট বাজেট বরাদ্দের ৫%-১০% পর্যন্ত অর্থ নন-ওয়েজ খরচ হিসেবে বরাদ্দ করা হবে এবং প্রকল্প চলাকালীন তা ব্যয় করতে হবে। একই ইউনিয়নে এক বা একাধিক প্রকল্পে সমস্ত নন-ওয়েজ কন্সট ব্যয় করা যাবে।
- খ. প্রকল্প বাস্তবায়ন কমিটি নন-ওয়েজ বরাদ্দ দ্বারা দ্রব্যাদি, যন্ত্রপাতি, সামগ্রী ও দক্ষ শ্রমিক সংগ্রহ করবে। ইউ কালভার্ট, রিং কালভার্ট, পাকা পায়খানা, বাঁশের সাঁকো অথবা নির্মিত ও মেরামতকৃত রাস্তা/বাঁধের ধার রক্ষণাবেক্ষণের জন্য অথবা রাস্তা/সরকারী খাল/নালা/পুকুর এর সীমানা পিলার স্থাপনে অথবা রাস্তার মাটি রক্ষার্থে সীমানা প্রাচীর নির্মাণে ব্যবহৃত হবে।
- গ. নন-ওয়েজ ব্যয় বরাদ্দ দ্বারা নিম্নরূপ দ্রব্যাদি ক্রয়/সংগ্রহ করা যাবেঃ
 - * সিমেন্ট, ইট, পাথর, কাঁদা, বালি, বাঁশ, রশি, মর্টার ইত্যাদি
 - * কোদাল, ঝুঁড়ি, কান্ডে, কুড়াল ইত্যাদি
 - * স্থাপনা কাজের জন্য রাজমিস্ত্রি ও অন্যান্য দক্ষ শ্রমিক নিয়োগ
 - * বৃক্ষ রোপণ এবং স্যানিটারি টয়লেট, বাঁশের সাঁকো, রাস্তা ও বাঁধের ধার ইত্যাদি কাজের জন্য মালামাল সংগ্রহ
 - * অন্য যে কোন যন্ত্রপাতি ও কাঁচামাল সংগ্রহ (উপজেলা কমিটির অনুমোদনক্রমে)
 - * প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যবহৃত দ্রব্যাদি।

৩.৫ সামাজিক প্রকল্প নির্বাচনঃ

নিম্নবর্ণিত নির্দেশনা অনুসারে সকল পর্যায়ের সামাজিক প্রকল্প নির্বাচন করতে হবেঃ

- (ক) চাহিদা অনুসারে স্থানীয় জনগণ ও উপকারভোগীদের সম্পৃক্ত করে ওয়ার্ড পর্যায়ে সামাজিক প্রকল্পের প্রাথমিক নির্বাচন সম্পন্ন করতে হবে।

- (খ) ইউনিয়নের ওয়ার্ড ভিত্তিক পরিকল্পনা প্রণয়নের জন্য সভা আহ্বান করতে হবে। সভায় মহিলাসহ সর্বস্তরের জনগণের উপস্থিতির লক্ষ্যে ব্যাপক প্রচারণা চালাতে হবে। ওয়ার্ড পর্যায়ের সভায় সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার সভাপতিত্ব করবেন। সভায় উপস্থিত সর্বস্তরের জনগণের সাথে আলোচনাক্রমে প্রকল্পের তালিকা প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে অন্যান্য বিষয়ের সাথে নিম্নে বর্ণিত বিষয়গুলো বিবেচনায় আনতে হবেঃ
- (১) নির্দেশিকায় নির্ধারিত নিয়মাবলী অনুযায়ী প্রকল্প গ্রহণ করতে হবে। বিশেষ করে কাজের প্রকার ও ধরন অবশ্যই নির্ধারিত নিয়ম অনুযায়ী হতে হবে।
 - (২) সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রয়োজন অনুসারে প্রকল্প গ্রহণ করতে হবে।
 - (৩) প্রকল্পের স্বল্প এবং দীর্ঘমেয়াদি উপকারিতা বিবেচনায় আনতে হবে।
 - (৪) নির্বাচিত প্রকল্পের কারিগরি দিক বিবেচনায় রাখতে হবে।
- (গ) আলোচনা ও সিদ্ধান্ত অনুসারে ওয়ার্ড ভিত্তিক প্রকল্পের অগ্রাধিকার তালিকা সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট অর্থ বছরের শুরুতে ইউনিয়ন কমিটির নিকট দাখিল করতে হবে।
- (ঘ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) এর তত্ত্বাবধানে ইউনিয়ন কমিটি প্রস্তাবিত প্রত্যেক প্রকল্পের পরিবেশ ও সামাজিক বিষয়াদি মূল্যায়ন করবেন। সামাজিক ও পরিবেশগত স্কিনিং ফরম পূরণপূর্বক দাখিল করবেন।
- (ঙ) ইউনিয়ন কমিটি ওয়ার্ড ভিত্তিক প্রকল্পের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করার ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনা করবে। (১) প্রকল্প ও উপকারভোগী নির্বাচনের নিয়মাবলী স্বচ্ছভাবে অনুসরণ, (২) পরিবেশগত ও সামাজিক বিষয়াদির মূল্যায়ন প্রতিবেদন। অগ্রাধিকার তালিকার ভিত্তিতে ও সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামত অনুযায়ী খসড়া ইউনিয়ন পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন করতে হবে। বাছাইকৃত প্রকল্প তালিকা ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে লাগিয়ে প্রচার করতে হবে এবং কোন আপত্তি পাওয়া গেলে নিয়মানুযায়ী নিষ্পত্তি করতে হবে। সংশ্লিষ্ট অর্থবছরের শুরুতে ইউনিয়ন পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।
- (চ) সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) প্রত্যেক প্রকল্পের পরিবেশগত ও সামাজিক বিষয়াদি পর্যালোচনা করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। যাতে কোন নেতিবাচক বিষয় অন্তর্ভুক্ত না থাকে।
- (ছ) সাধারণভাবে 'সি' এবং 'ডি' ক্যাটাগরির (দারিদ্রসূচক অনুসারে) উপজেলার প্রত্যেক ইউনিয়ন সর্বোচ্চ ৫টি প্রকল্প গ্রহণ করতে পারবে। 'এ' এবং 'বি' ক্যাটাগরির উপজেলার ক্ষেত্রে প্রতি ইউনিয়নে প্রকল্প সংখ্যা হবে সর্বোচ্চ ৯টি।
- (জ) ইউনিয়ন পরিকল্পনা ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী, আলোচনা ও সিদ্ধান্তের তথ্যাবলীসহ উপজেলা কমিটির নিকট দাখিল করতে হবে।
- (ঝ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) প্রকল্পের কারিগরি বিষয়াদিসহ ডিজাইন ও বাজেট বরাদ্দের সঠিকতা নির্ধারণ করবেন।

- (ঞ) ইউনিয়ন কমিটির সুপারিশ অনুসারে উপজেলা কমিটি ইউনিয়ন পরিকল্পনা পর্যালোচনা ও অনুমোদন করে উপজেলা পরিকল্পনা প্রণয়ন করবে। উপজেলা পরিকল্পনার মধ্যে অনুমোদিত প্রকল্প এবং উপকারভোগীদের তালিকা থাকবে এবং তা আনুষ্ঠানিক অনুমোদনের জন্য জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে।
- (ট) জেলা প্রশাসকের অনুমোদন প্রাপ্তির পর উপজেলা কমিটি ইউনিয়ন পরিকল্পনাসহ সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির অনুকূলে প্রকল্প বাস্তবায়নের জন্য আদেশ প্রদান করবে।
- (ঠ) অনুমোদিত ইউনিয়ন পরিকল্পনা প্রাপ্তির পর সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি/ওয়ার্ড মেম্বার অনুমোদিত ও অননুমোদিত প্রকল্প সম্পর্কে ওয়ার্ড পর্যায়ে সভা আহ্বান করে জনগণকে অবহিত করবে। সভায় অনুমোদিত প্রকল্পের বিস্তারিত বিবরণ উপস্থাপন করতে হবে।
- (ড) ইউনিয়ন কমিটি প্রকল্পের পরিকল্পনা ও তথ্যাদি, অনুমোদিত উপকারভোগীর তালিকা, রেজিস্টার ও জব কার্ড সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির নিকট হস্তান্তর করবে। ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি প্রকল্পের কাজ সমাপ্তির পর সকল রেকর্ডপত্র সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির নিকট দাখিলের জন্য দায়ী থাকবেন।
- (ঢ) সংশ্লিষ্ট প্রকল্পের ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি (ডব্লিউপিআইসি) প্রকল্প বাস্তবায়ন এবং ইউনিয়ন কমিটিকে নিয়মিত প্রকল্প তদারকি ও পরিবীক্ষণে সহায়তা এবং সংশ্লিষ্ট প্রকল্পের রেকর্ডপত্র সংরক্ষণ করবে।
- (ণ) সকল কর্মীর জন্য কিছু মৌলিক সুবিধা যেমন: অস্থায়ী শেড, খাওয়ার পানির জার, অস্থায়ী টয়লেট ইত্যাদির ব্যবস্থা করতে হবে।
- (ত) মহিলা কর্মীদেরকে তাদের বাসস্থানের কাছাকাছি/নিকটতম দূরত্বের মধ্যে কাজে নিয়োজিত করতে হবে।
- (থ) বৃক্ষরোপণ, বনায়ন ইত্যাদি জলবায়ু-অভিযোজন জনিত কাজে মহিলাদেরকে অগ্রাধিকার দিতে হবে।

৩.৬ সামাজিক ও পরিবেশগত নিরাপত্তা স্ক্রিনিং (Social and Environmental Screening):

ইজিপিপি এর অধীনে বাস্তবায়িতব্য প্রকল্প বাস্তবায়নকালে পরিবেশগত ও সামাজিক নিরাপত্তার বিষয়াদি নিম্নোক্তভাবে প্রতিবিধান করা যেতে পারেঃ

- (ক) ইজিপিপি এর অধীন সকল প্রকল্পের পরিবেশগত এবং সামাজিক স্ক্রিনিং এর কাজ প্রকল্প নির্বাচনকালে ইউনিয়ন কমিটি সমাপ্ত করবে।
- (খ) উপজেলা পর্যায়ে উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) পরিবেশগত ও সামাজিক স্ক্রিনিং বিষয়াদি পর্যালোচনা করে প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- (গ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পরিবেশগত ও সামাজিক বিষয়াদি পরিবীক্ষণ করবেন। যে সকল প্রকল্পে যথেষ্ট পরিমাণ পরিবেশগত ও কমিউনিটি প্রতিবন্ধকতা থাকবে সে সকল প্রকল্প এ কর্মসূচির অধীনে গ্রহণ করা যাবে না। যে সমস্ত নেতিবাচক বিষয়াদির কারণে সামাজিক প্রকল্প/কার্যাবলীর জন্য অর্থায়ন করা যাবে না তা ছক-১১ এ প্রদান করা হলো।

- (ঘ) প্রাথমিকভাবে প্রকল্প পর্যায়ে পরিবেশগত এবং, সামাজিক স্ক্রিনিং বিষয়াদি ইউনিয়ন কমিটি পরিবেশগত এবং সামাজিক স্ক্রিনিং ফরম (স্বর-১২ ও ছক-১৩) এ লিপিবদ্ধ করবে।

৩.৭ উপকারভোগী নির্বাচন ও তালিকাভুক্তির নিয়মাবলীঃ

অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) সকল অতিদরিদ্র পরিবারের জন্য উন্মুক্ত। উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী বিবেচিত হবে

- (ক) পুরুষ অথবা মহিলা অথবা তৃতীয় লিঙ্গ যার বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে তিনি তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন তবে তিনি-

❖ একজন কর্মক্ষম, ভূমিহীন (ঘর বসতবাড়ী ব্যতিত ০.১০ একর এর নিচে জমি), স্বল্প আয়ের লোক (যার গড় মাসিক আয় ৪ হাজার টাকার নিচে এবং গড় বার্ষিক আয় ৪৮ হাজার টাকার নিচে) হবেন, যার মৎস্য চাষের জন্য কোন পুকুর নেই এবং যার উল্লেখযোগ্য কোন প্রাপিসম্পদ নেই।

❖ একজন বেকার অদক্ষ শ্রমিক হবেন। অদক্ষ শ্রমিক অর্থ হলো দিনমজুর এবং মাঠে কাজ করে। লিঙ্গ নির্বিশেষে একটি পরিবার থেকে মাত্র একজন এ কাজের জন্য নির্বাচিত হওয়ার যোগ্য হবেন।

- (খ) সরকারের জন্য কোন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির অধীনে সুবিধাপ্রাপ্ত উপকারভোগীগণকে এ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা যাবে না।

(গ) তালিকাভুক্ত মোট উপকারভোগীদের কমপক্ষে ৩৩% মহিলা হতে হবে। কোন উপকারভোগীর মৃত্যু হলে অথবা কাজ করতে অক্ষম হলে সেক্ষেত্রে তাঁর পরিবারের সদস্যকে (উপকারভোগী নির্বাচনের যোগ্য) তাঁর স্থলে অন্তর্ভুক্ত করা যাবে। পরিবারের সদস্য বলতে স্ত্রী, স্বামী, পুত্র, কন্যা, পিতা এবং মাতাকে বুঝাবে।

(ঘ) ইউনিয়ন কমিটি উপকারভোগী তালিকাভুক্তি আরম্ভের তারিখ এবং নিয়মাবলী সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার, স্থানীয় ব্যাংক, পোস্ট অফিস, স্কুল এবং সমাজের গণ্যমান্য ব্যক্তিগণের মাধ্যমে জনসাধারণকে অবহিত করবে।

(ঙ) যোগ্যতাসম্পন্ন যে কোন পুরুষ/মহিলা/তৃতীয় লিঙ্গ তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বারের নিকট আবেদন করতে পারবেন। তালিকাভুক্তির জন্য নিম্নোক্তভাবে আবেদন করতে হবেঃ

❖ সাদা কাগজে/ছাপানো ফরমে (উপকারভোগী নিবন্ধনের আবেদন ফরম ছক-৩ এ দেয়া হলো) আবেদন সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার এর নিকট দাখিল করতে হবে। আবেদনপত্রে নাম, পিতা/স্বামীর নাম, বয়স, লিঙ্গ, পারিবারিক অবস্থান, জাতীয় পরিচয় পত্রের নম্বর ইত্যাদি বিষয়গুলো উল্লেখ করতে হবে।

❖ যে কোন ব্যক্তি সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বারের নিকট উপস্থিত হয়ে তালিকাভুক্তির মৌখিকভাবে আবেদন জানাতে পারবেন। ওয়ার্ড মেম্বার অবেদনকারীর প্রয়োজনীয় তথ্য নিজে ফরম অনুসারে লিখে নিবেন।

(চ) সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার একজন শিক্ষক, একজন ধর্মীয় নেতা এবং একজন গণ্যমান্য ব্যক্তিকে সম্পৃক্ত করে প্রাপ্ত আবেদনপত্রসমূহ নির্ধারিত যোগ্যতার আলোকে যাচাই-বাছাই করে উপকারভোগীর সম্ভাব্য তালিকা প্রস্তুত করবেন।

- (ছ) ওয়ার্ড পর্যায়ে পরিকল্পনা গ্রহণের জন্য আহত সভার দিন স্থানীয় জনসাধারণ এবং আবেদনকারীগণের উপস্থিতিতে প্রকাশ্য সভায় সম্ভাব্য উপকারভোগীগণের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করতে হবে। উদাহরণস্বরূপ যদি কোন ওয়ার্ডে ১০০ জন যোগ্য আবেদনকারী থাকেন এবং ঐ ওয়ার্ডে ৭৫ জন তালিকাভুক্ত করার সুযোগ থাকে তবে তাদের মধ্যে অতিদরিদ্র প্রথম ৭৫ জনকে অগ্রাধিকার দিতে হবে। বাকি ২৫ জন অপেক্ষমান তালিকায় থাকবেন। উপকারভোগীদের তালিকা ইউনিয়ন পরিষদের বোর্ডে টাঙ্গাতে হবে।
- (জ) যদি অনুমোদিত তালিকায় অযোগ্য/ভুয়া উপকারভোগী সনাক্ত হয় তবে তদস্থলে জেলা প্রশাসকের অনুমতিক্রমে অপেক্ষমান তালিকা থেকে উপকারভোগী প্রতিস্থাপন করা যাবে।
- (ঝ) যে সকল আবেদনকারী যোগ্যতা অর্জনে ব্যর্থতার কারণে উপকারভোগী নির্বাচিত হবেন না তাদেরকে নির্বাচিত না হওয়ার কারণ সভা চলাকালীন সময়ে ব্যাখ্যা করে বুঝিয়ে দিতে হবে।
- (ঞ) কোন উপকারভোগী/কমিউনিটি সদস্য উপকারভোগী নির্বাচিত অসন্তুষ্ট হলে তিনি কর্তৃপক্ষের নিকট এ নির্দেশিকার ৩.১০ অনুচ্ছেদ অনুসারে অভিযোগ দাখিল করতে পারবেন।
- (ট) ইউনিয়ন কমিটি উপজেলা কমিটি হতে চূড়ান্ত উপকারভোগীর তালিকাসহ ইউনিয়ন পরিকল্পনা অনুমোদন প্রাপ্তির পর প্রত্যেক তালিকাভুক্ত উপকারভোগীর অনুকূলে জবকার্ড প্রদান করবে। তালিকাভুক্ত উপকারভোগীর অনুকূলে প্রদত্ত জবকার্ড প্রত্যেক সদস্যের আইনগত দলিল হিসেবে গণ্য হবে যা তাকে তালিকাভুক্ত উপকারভোগী হিসেবে চিহ্নিত করবে।

৩.৭.১ উপকারভোগী নির্বাচনে ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেজ (NHD) এর দারিদ্র সূচক স্কোরের ব্যবহারঃ
 বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সমগ্র দেশের পরিবারভিত্তিক ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেজ (NHD) তৈরির কাজ চলমান। NHD বিভিন্ন এলাকায় পর্যায়ক্রমে চূড়ান্ত হবে। যে এলাকায় NHD চূড়ান্ত হবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক পরিপত্র জারি সাপেক্ষে সে এলাকায় ৩.৭ এ বর্ণিত শর্তাবলী পরিপূরণ এবং NHD Score এর ভিত্তিতে উপকারভোগী নির্বাচন করতে হবে।

৩.৭.২ জবকার্ড নিম্নবর্ণিত নির্দেশনার আলোকে প্রদান করতে হবেঃ

- (১) উপজেলা কমিটি হতে অনুমোদিত ইউনিয়ন পরিকল্পনা প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে ইউনিয়ন কমিটি তালিকাভুক্ত উপকারভোগীদের মধ্যে জবকার্ড বিতরণ করবে।
- (২) উপকারভোগীদের ছবি সম্বলিত জবকার্ড প্রদান করতে হবে। জবকার্ড প্লাষ্টিক কভারে মোড়ানো যেতে পারে।
- (৩) জবকার্ড তৈরি করার খরচ কর্মসূচির জন্য বরাদ্দকৃত অর্থ থেকে বহন করা হবে।
- (৪) জবকার্ড যাকে প্রদান করা হয়েছে তার (উপকারভোগী) তত্ত্বাবধানে থাকবে।
- (৫) স্থলাভিষিক্ত উপকারভোগীকে নতুন করে জব কার্ড প্রদান করতে হবে।
- (৬) বছরের দুই পর্বের জন্য এ জবকার্ডের কার্যকারিতা থাকবে। জবকার্ডে দুই পর্বে ব্যাংকের মাধ্যমে প্রদত্ত মজুরি পরিশোধের বিবরণ থাকবে। উপকারভোগী জবকার্ড চার পাতার হবে। প্রথম পাতায় উপকারভোগীর বিস্তারিত

তথা ও ছবি থাকবে। দ্বিতীয় এবং তৃতীয় পাতায় কর্মসূচি চলাকালীন সময়ে ব্যাংক থেকে মজুরি পরিশোধের বিবরণ থাকবে। শেষ পাতায় একজন উপকারভোগীর অধিকার এবং জেলা প্রশাসক ও প্রকল্প পরিচালকের কার্যালয়ে যোগাযোগ সম্পর্কিত তথ্য থাকবে।

- (৭) জবকার্ডের একটি নমুনা ছক-১৪ তে দেয়া হলো। এ নমুনা অনুসারে দেশের সকল ইজিপিপি উপকারভোগীদেরকে জবকার্ড প্রদান করতে হবে।
- (৮) মূল জবকার্ড হারিয়ে গেলে অথবা বিনষ্ট হয়ে গেলে ডুপ্লিকেট জবকার্ড ইস্যুর জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট সরাসরি অথবা ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে আবেদন করতে হবে।

৩.৮ বাস্তবায়ন এবং তদারকিঃ

ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সহযোগিতায় সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি প্রাথমিকভাবে ইজিপিপি এর অধীনে গৃহীত প্রত্যেক প্রকল্প বাস্তবায়ন তদারকির দায়িত্ব পালন করবে। প্রকল্প বাস্তবায়নে নিম্নে বর্ণিত নির্দেশাবলী অনুসরণ করতে হবেঃ

প্রকল্প বাস্তবায়নে গৃহীতব্য পদক্ষেপসমূহ

পদক্ষেপ	সম্পাদনকারী	উদ্দেশ্য
১. ইউনিয়ন পরিকল্পনা অনুমোদনের পর ওয়ার্ড পর্যায়ে সভা (২য়)	উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)	<ul style="list-style-type: none"> * অনুমোদিত প্রকল্প ও উপকারভোগী সম্পর্কে কমিউনিটি সদস্যদের অবহিতকরণ। * অনুমোদিত ইউনিয়ন পরিকল্পনা অনুসারে উপকারভোগীদের অনুকূলে জবকার্ড প্রদান * মজুরি গ্রহণের জন্য প্রত্যেক উপকারভোগীর নামে ব্যাংক হিসাব খোলার বিষয় নিশ্চিতকরণ * চলতি কর্মসূচি পর্বের কাজ শুরু ও সমাপ্তির তারিখ কমিউনিটি সদস্য ও উপকারভোগীরগণকে অবহিতকরণ * অন্যান্য বিষয়াদি (যদি থাকে) অবহিতকরণ
২. প্রস্তুতি চূড়ান্তকরণ	উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)	<ul style="list-style-type: none"> * প্রকল্প ফরম অনুসারে উপকারভোগীদের মজুরি ও নন-ওয়েজ কাজ ও অর্থ বিভাজন * জনগণকে অবহিত করণের লক্ষ্যে প্রকল্প এলাকায় সাইন বোর্ড স্থাপন

		<ul style="list-style-type: none"> * নন-ওয়েজ অর্থ দ্বারা যন্ত্রপাতি, সামগ্রী ও দক্ষ শ্রমিক সংগ্রহের ব্যবস্থাকরণ (যদি প্রয়োজন থাকে)
৩. কারিগরি ও স্থানীয় পর্যবেক্ষণ	ডব্লিউপিআইসি, ইউনিয়ন কমিটি, কারিগরি বিশেষজ্ঞ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দায়িত্ব প্রাপ্ত বিশেষজ্ঞ), পিআইও, উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) এবং উপকারভোগী	<ul style="list-style-type: none"> * কাজের গুণগত মান নিশ্চিতকরণ * প্রকল্প বাস্তবায়নে ডব্লিউপিআইসি- কে কারিগরি সহায়তা প্রদান * ইউনিয়ন পরিষদের পর্যবেক্ষণ নিশ্চিতকরণ * উপজেলা (ইউএনও), জেলা (ডিসি), এবং জাতীয় পর্যায় (সচিব/সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়) সহ সকল পর্যায়ের সকল প্রকার আপত্তিসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তিকরণ
৪. রেজিস্টার সংরক্ষণ	ডব্লিউপিআইসি	<ul style="list-style-type: none"> * উপকারভোগীদের উপস্থিতি দৈনিক হাজিরা রেজিস্টারে এবং জব কার্ডে লিপিবদ্ধ করণ
৫. মজুরি পরিশোধ	ডব্লিউপিআইসি, ট্যাগ অফিসার, পিআইও, উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প), নির্ধারিত ব্যাংক, ইউএনও	<ul style="list-style-type: none"> * সময়মত প্রত্যেক উপকারভোগীকে ব্যাংক হিসাবের মাধ্যমে মজুরি প্রদান নিশ্চিতকরণ * মজুরি প্রদানের সুবিধার জন্য প্রত্যেক উপকারভোগীদের জবকার্ড হালনাগাদকরণ এবং ডব্লিউপিআইসি সভাপতি ও ট্যাগ অফিসার/ উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) কর্তৃক প্রতিস্বাক্ষরকরণ
৬. তদারকি ও প্রতিবেদন দাখিল	ডব্লিউপিআইসি, ইউনিয়ন কমিটি, পিআইও/ উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প), ওয়ার্ড মেম্বার ট্যাগ অফিসার	<ul style="list-style-type: none"> * প্রকল্পের গুণগত মান, পরিমাণ এবং সময়মত বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প তদারকি এবং দৈনন্দিন পরিবীক্ষণ নিশ্চিতকরণ * ইউনিয়ন কমিটির সহযোগিতায় ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি নিয়মিত কার্যাবলী ও আর্থিক বিষয়াদি সম্পর্কে অগ্রগতির প্রতিবেদন সংরক্ষণ * কাজ সমাপ্তির পর প্রত্যেক প্রকল্পের কর্মোত্তর জরিপ গ্রহণ

৩.৮.১ প্রকল্প বাস্তবায়ন ও তদারকির ক্ষেত্রে সর্বপর্যায়ে প্রধানত নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবেঃ

- (ক) ইজিপিপি কর্মসূচি বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ (ওয়েজ কন্সট ও নন ওয়েজ কন্সট) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত একটি ব্যাংক হিসাবে জমা করতে হবে। এ হিসাব "ইজিপিপি একাউন্ট" হিসেবে গণ্য হবে।
- (খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কেন্দ্রীয়ভাবে কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব পালন করবে।
- (গ) প্রয়োজনে একাধিক ওয়ার্ড অথবা ইউনিয়ন ব্যাপী বড় ধরনের প্রকল্প এ কর্মসূচীর অধীনে গ্রহণ করা যাবে। উপজেলা কমিটি এ ধরনের বড় প্রকল্প বাস্তবায়নের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- (ঘ) বিশেষ ধরনের কাজের ক্ষেত্রে তালিকায়ুক্ত ব্যক্তিকে (জবকার্ডধারী) উপজেলার যে কোন স্থান কাজে নিয়োজিত করা যাবে।
- (ঙ) প্রথম পর্বের অব্যয়িত ওয়েজ ও নন-ওয়েজ অর্থ দ্বিতীয় পর্বে ব্যবহার করা যাবে। যে প্রকল্পের অব্যয়িত অর্থ সে প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্ত করণে বহন করতে হবে।
- (চ) প্রত্যেক প্রকল্পের কাজ শুরুর পূর্বে উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক প্রাপ্ত জরিপ গ্রহণ করতে হবে (হক-১৯) এবং কাজ শেষ কর্মোত্তর জরিপ গ্রহণ করতে হবে। জরিপের ফলাফল/মাপ নির্ধারিত মাপবহিতে লিপিবদ্ধ করতে হবে। উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)/পিআইও মাপবহিতে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর গ্রহণ করবেন
- (ছ) কাজ চলাকালীন সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি বাস্তবায়িত কাজের পরিমাণ মানবহিতে লিপিবদ্ধ করবেন (হক-১৮) এবং উহা উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)/ পিআইও যারা যাচাই করবেন। উপজেলা কমিটি কাজ আরম্ভের পূর্বে মাপবহি ইউনিয়ন কমিটির নিকট পৌছানো নিশ্চিত করবেন।
- (জ) এ কর্মসূচির অধীন জনপ্রতি দৈনিক মাটির কাজের পরিমাণ হতে ৩০ ঘনফুট। মজুরি পরিশোধের পূর্বে কর্তৃত মাটি পরিমাপ করতে হবে। এককভাবে বা যৌথভাবে গড় মাথাপিছু মাটির পরিমাণ ৩০ ঘনফুটের কম হলে আনুপাতিকহারে হাজিরা কর্তন করতে হবে। হাজিরা কর্তনের সময় কোন ভগ্নাংশ ০.৫ বা তার চেয়ে কম নির্ণীত হলে তা হাজিরা হিসেবে গন্য হবে না।
- (ঝ) ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি প্রত্যেক প্রকল্পের জন্য একটি বীধাইকরা হাজিরা খাতা সংরক্ষণ করবেন। প্রত্যেক উপকারভোগী উক্ত হাজিরা খাতায় স্বাক্ষর করবেন এবং ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি প্রতিস্বাক্ষর করবেন। প্রকল্প বাস্তবায়ন শেষে ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি উক্ত হাজিরা খাতা সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- (ঞ) ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি প্রত্যেক প্রকল্পের একটি বীধাইকরা ফিল্ড বুক সংরক্ষণ করবেন। উর্দ্ধতন কর্মকর্তা প্রকল্প পরিদর্শন শেষে তাঁর পর্যবেক্ষণ/দিক নির্দেশনা উক্ত ফিল্ড বুকে লিপিবদ্ধ করবেন।
- (ট) অর্থ আদ্যসাৎ এর ক্ষেত্রে পিডিআর এ্যাক্ট ১৯১৩ অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হতে সমপরিমাণ অর্থ আদায় করা হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

R

(ঠ) কর্তিত মাটির পরিমাপ না করা বা ত্রুটিপূর্ণ মাপের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প)-কে দায়ী করা হবে।

৩.৯ মজুরি পরিশোধ:

মজুরি পরিশোধ পদ্ধতি নিম্নরূপ হবে:

(ক) মজুরি পরিশোধ হবে ডিজিটাল পদ্ধতিতে উপকারভোগীর ব্যাংক একাউন্টে। ভাতা প্রাপ্তির সুবিধার্থে প্রত্যেক উপকারভোগীর নিজস্ব ব্যাংক একাউন্ট থাকবে এবং ব্যাংক প্রতি উপকারভোগীর অনুকূলে চেকবই ইস্যু করবে।

(খ) তালিকাভুক্ত প্রত্যেক উপকারভোগীর ব্যাংক একাউন্ট খোলার বিষয়টি ইউনিয়ন কমিটি ও সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি নিশ্চিত করবে। ব্যাংক হিসাব খোলার দায়িত্ব তালিকাভুক্ত উপকারভোগীর। ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে কোন উপকারভোগী যেন বিড়ম্বনায় না পড়েন সে বিষয়ে ইউনিয়ন কমিটি এবং ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

(গ) উপকারভোগীদের জবকার্ড প্রতি সপ্তাহে হালনাগাদ করার দায়িত্ব সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিব পালন করবেন। ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি নিয়মিতভাবে জবকার্ড হালনাগাদকরণের বিষয়টি নিশ্চিত করবেন এবং স্বাক্ষর করবেন।

(ঘ) ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি সাপ্তাহিক মাস্টার রোল উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) এর নিকট দাখিল করবেন। উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) যাচাই বাছাই করে পিআইও'র নিকট প্রেরণ করবেন। যে উপজেলায় উপ-সহকারী প্রকৌশলী নেই সেখানে পিআইও'র নিকট সরাসরি দাখিল করবেন।

(ঙ) উপকারভোগীর পে-রোল অনুসারে প্রদেয় মজুরি ব্যাংক ম্যানেজার ইজিপিপি একাউন্ট থেকে উপকারভোগীর ব্যাংক একাউন্টে ডিজিটাল স্থানান্তর করবেন। উক্ত স্থানান্তরের পূর্বে ব্যাংক ম্যানেজার পে-রোলে ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ট্যাগ অফিসার/উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) এর স্বাক্ষর যাচাই করে নিবেন।

(চ) উপকারভোগীগণ তাদের ব্যাংক একাউন্টে স্থানান্তরিত অর্থ থেকে সমুদয় বা আংশিক অর্থ উত্তোলন করতে পারবেন এবং সমুদয় বা আংশিক অর্থ জমা রাখতে পারবেন যা পরে যে কোন সময় উত্তোলন করতে পারবেন।

(ছ) ইজিপিপি কর্মসূচিতে কর্মরত সকল নারী-পুরুষ (উপকারভোগী) দৈনিক ৭ ঘন্টা কাজের জন্য প্রচলিত বাজার দরের উপর নির্ভর করে সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারিত হারে মজুরি পাবেন।

(জ) প্রতি প্রকল্পে উপকারভোগীগণের মধ্য হতে একজন সর্দার নিয়োগ করতে হবে। সর্দার নিজ মজুরির অতিরিক্ত দৈনিক ৫০ (পঞ্চাশ) টাকা হারে সর্দার ভাতা প্রাপ্য হবেন।

(ঝ) সপ্তাহের শনিবার হতে বুধবার ৫ দিন কাজ হবে এবং বৃহস্পতিবার ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন হবে।

(ঞ) জবকার্ডের নির্ধারিত স্থানে ব্যাংকের মাধ্যমে প্রদত্ত পারিশ্রমিক পরিশোধের সকল তথ্য যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে।

- (ট) প্রত্যেক উপজেলার উপকারভোগী নির্ধারিত থাকবে।
- (ঠ) প্রত্যেক উপজেলার একাউন্টে একবারেই বরাদ্দ জমা হবে।
- (ড) পিআইও এবং উপসহকারী প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত রেকর্ড অনুযায়ী ইউএনও মজুরি পরিশোধ করবেন।
- (ঢ) সমাপ্তি প্রতিবেদন দাখিল করতে হবে এবং ব্যয় বিবরণী যথারীতি নিরীক্ষা হবে।

৩.১০ অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি:

অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির বিষয়ে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবে:-

- (ক) অভিযোগ গ্রহণের প্রথম স্তর হবে উপজেলা। তবে অভিযোগপত্র যে কোন পর্যায়ে প্রদান করা যাবে।
- (খ) উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক অভিযোগ নিষ্পত্তি অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন। কেন্দ্রীয় পর্যায়ে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর অভিযোগ নিষ্পত্তি অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- (গ) প্রত্যেক পর্যায়ে অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে আপিল পদ্ধতি থাকবে। উপজেলা পর্যায়ের অভিযোগের ব্যাপারে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, জেলা পর্যায়ের অভিযোগের ব্যাপারে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব/সিনিয়র সচিব এর নেতৃত্বাধীন জাতীয় স্টিয়ারিং কমিটি অভিযোগ নিষ্পত্তির চূড়ান্ত আপিল কর্তৃপক্ষ হবেন।
- (ঘ) আবেদনকারী লিখিতভাবে অথবা অভিযোগ নিষ্পত্তি অফিসারের নিকট উপস্থিত হয়ে মৌখিকভাবে অভিযোগ করতে পারবেন।
- (ঙ) প্রত্যেক পর্যায়ে অভিযোগ নিষ্পত্তি রেজিস্টার (ছক-১৫) খুলতে হবে এবং তাতে অভিযোগকারীর নাম, ঠিকানা ও অভিযোগের ধরন ও তারিখ লিপিবদ্ধ থাকবে। উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কোন অভিযোগ প্রাপ্ত হলে অভিযোগকারীগণকে তাৎক্ষণিকভাবে একটি অভিযোগ তালিকাভুক্তির প্রাপ্তি স্বীকার পত্র প্রদান করবেন (ছক-১৬)।
- (চ) উপজেলা পর্যায়ে গৃহীত অভিযোগসমূহ ১৫ দিনের মধ্যে নিষ্পত্তি করতে হবে। অভিযোগকারী সন্তুষ্ট না হলে জেলা প্রশাসকের নিকট আপিল করতে পারবেন।
- (ছ) অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি জোরদার করার জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-এর কার্যালয়ের একটি টেলিফোন নির্দিষ্ট থাকবে এবং প্রকল্পের সাইন বোর্ডে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-এর যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে।
- (জ) কোন অভিযোগ নিষ্পন্ন হলে উহা নিষ্পন্নের তারিখ ও প্রকৃতি সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসার অভিযোগকারীকে জানাবেন।

৩.১১ জনগণের নিকট প্রকাশ

ইজিপিপি'র উপকারভোগী ও জনগণের অবগতি নিশ্চিত করার জন্য স্বচ্ছতার আলোকে এ কর্মসূচির কার্যক্রম জনগণের নিকট প্রকাশ করতে হবে। এ কার্যক্রমে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবে।

- (ক) উপকারভোগীদের তালিকা চূড়ান্ত করার পূর্বে প্রকল্প এলাকায় মাইকিংসহ অন্যান্য প্রচারের ব্যবস্থা করা।
- (খ) অনুমোদিত প্রকল্প ও উপকারভোগীদের তালিকা ইউনিয়ন পরিষদ কার্যালয়ে জনসাধারণের অবলোকনের ব্যবস্থা করা।
- (গ) প্রকল্পের গ্রহণ সংক্রান্ত তথ্য ইউনিয়ন পরিষদ কার্যালয়ে জনসাধারণের অবলোকনের ব্যবস্থা রাখতে হবে।
- (ঘ) দৈনন্দিন কাজশেষে উপকারভোগী হাজিরা খাতা প্রত্যেক উপকারভোগীকে দেখার সুযোগ দিতে হবে।
- (ঙ) ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রকল্প এলাকায় স্থাপিত সাইন বোর্ড/বিল বোর্ডের মাধ্যমে বিস্তারিত তথ্য প্রকাশ করবেন। সাইন বোর্ড/বিল বোর্ডের আয়তন ১২ বর্গফুট হতে পারে।
- (চ) প্রকল্পের মজুরি বহির্ভূত নন-ওয়েজ অর্থ হতে মাইকিং ও সাইনবোর্ড তৈরির খরচ বহন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার প্রতি সাইনবোর্ড বাবদ নন-ওয়েজ খাত থেকে সর্বোচ্চ দুই হাজার পাঁচশত টাকা ও মাইকিং বাবদ ইউনিয়ন প্রতি দুই হাজার টাকা ব্যয় করতে পারবেন। তিনি প্রকল্পের কাজ আরম্ভের পূর্বেই প্রকল্পস্থলে এই সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করবেন।

(ছ) প্রকল্প এলাকায় স্থাপিত সাইন বোর্ড নিম্নরূপঃ

অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)		
প্রকল্পের নামঃ		
ওয়ার্ডঃ	ইউনিয়নঃ	উপজেলাঃ
প্রাক্কলিত মাটির কাজের পরিমাণঃ		ঘনফুট
বরাদ্দকৃত অর্থের পরিমাণঃ		
উপকারভোগী মজুরিঃ		টাকা
নন-ওয়েজ কন্সটঃ		টাকা
সর্দার ভাতাঃ		টাকা
(ক) মোট উপকারভোগীর সংখ্যাঃ		জন
(খ) দৈনিক মজুরিঃ		টাকা
(গ) মোট কর্মদিবসঃ		দিন
(ঘ) নির্মাণ এবং অন্যান্য কাজের বিবরণঃ		
কাজ আরম্ভের তারিখঃ		
কাজ শেষ হওয়ার তারিখঃ		
প্রকল্প কমিটির সভাপতির নাম ও ঠিকানা		
জেলা প্রশাসকের ফোন-		
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ফোন: ০২-৮৮৩৫৪৯৫		

(জ) সাইনবোর্ড স্থাপনের নিয়মাবলীঃ

১. শক্ত কাঠ/স্টিলের ফ্রেমযুক্ত সি,আই, সীট দিয়ে সাইনবোর্ড তৈরি করতে হবে।
২. কালো জমিতে সাদা রং দিয়ে লেখতে হবে এবং ব্যবহৃত রং স্থায়ী হতে হবে।
৩. শক্ত দুটি কাঠের/সিমেন্টের খুটিতে সাইনবোর্ডটি স্থাপন করতে হবে।
৪. সাইনবোর্ড এর নিম্ন প্রান্ত ভূমি থেকে কমপক্ষে পাঁচ ফুট উচুতে থাকতে হবে।
৫. খুটির নীচের অংশ কমপক্ষে তিন ফুট মাটির নীচে থাকতে হবে।

(ঝ) প্রকল্প বাস্তবায়নের ১ মাস পর সাইনবোর্ডটি ইউনিয়ন পরিষদের গুদামে সংরক্ষণ করতে হবে যাতে পরবর্তী পর্যায়ে বা বছরে তা পুনরায় সংশোধিত আকারে ব্যবহার করা যায়।

৩.১২. ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির ব্যয় নির্বাহ:

প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় খাতা, কাগজপত্র, রেজিস্টার, মাপ কাজের জন্য ফিতা ইত্যাদি প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ ও ওয়ার্ড প্রকল্পের সভাপতির যাতায়াত ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসার নন-ওয়েজ বরাদ্দ থেকে প্রকল্পের কাজের শুরুতেই ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির বরাবরে ক্রস চেকের মাধ্যমে দুই হাজার টাকা অগ্রিম প্রদান করবেন। ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি বিল ভাউচারের মাধ্যমে তা সমন্বয় করবেন।

আর্থিক ব্যবস্থাপনা ও প্রতিবেদন পদ্ধতি

৪.০ বাজেটে বরাদ্দকৃত অর্থের বিভাজন

- ক. এ কর্মসূচির বাজেটে বরাদ্দকৃত অর্থের ৫%-১০% পর্যন্ত অর্থ নন-ওয়েজ উপ খাতের জন্য রিজার্ভ রেখে অবশিষ্ট অর্থ শ্রম মজুরি ও সর্দারী উপখাতে বরাদ্দ করা হবে। শ্রম মজুরি খাতের বরাদ্দের ভিত্তিতে শ্রম মজুরির হার অনুপাতে উপকারভোগীর সংখ্যা নির্ধারিত হবে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে উপজেলাভিত্তিক ওয়েজ কন্সট, নন-ওয়েজ কন্সট এবং উপকারভোগীর সংখ্যা নির্ধারণপূর্বক বরাদ্দ জারী করা হবে।
- খ. ২০২২ সালে প্রকাশিত দারিদ্রের মানচিত্র (অথবা সর্বশেষ দারিদ্রের মানচিত্র প্রকাশিত হলে) অনুযায়ী অতিদরিদ্রপ্রবণ উপজেলায় (দারিদ্রসূচক ৪০% বা তদূর্ধ্ব) মোট বরাদ্দের ৪৫%, ২৯% থেকে ৩৯% পর্যন্ত দারিদ্রসূচক সম্পন্ন উপজেলায় মোট বরাদ্দের ২৫%, ১৯% থেকে ২৮% পর্যন্ত দারিদ্রসূচক সম্পন্ন উপজেলায় মোট বরাদ্দের ২০%, এবং ১৮% এবং এর কম দারিদ্রসূচক সম্পন্ন উপজেলায় মোট বরাদ্দের ১০% অর্থ বরাদ্দ করা হবে। তবে সরকার এ হার পরিবর্তন করতে পারবে।

৪.১ সাধারণ প্রশাসন

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনস্থ মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর কার্যালয় কেন্দ্রীয়ভাবে কর্মসূচির আর্থিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে। উপজেলা পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং উপ-সহকারী

প্রকৌশলী (প্রকল্প) এর সহায়তায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার আর্থিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। উপজেলা পর্যায়ের তফসিলি ব্যাংকে উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা যৌথভাবে প্রকল্পের ইজিপিপি একাউন্ট খুলবেন, যেটি তাদের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে এবং প্রকল্পের অনুকূলে মন্ত্রণালয় থেকে ছাড়কৃত তহবিল (ওয়েজ কন্সট ও নন-ওয়েজ কন্সট) অগ্রিম উত্তোলনপূর্বক সরাসরি এ হিসাবে জমা হবে। উপজেলা নির্বাহী অফিসার ইজিপিপি একাউন্ট হতে মজুরি পরিশোধের জন্য সংশ্লিষ্ট ব্যাংকে লিখিত পত্রের মাধ্যমে অনুরোধ জানানবেন।

৪.২ ব্যয়ন পদ্ধতি

উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা কমিটি আর্থিক ব্যবস্থাপনা ও ব্যয়ন পদ্ধতির জন্য দায়ী থাকবে। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে অর্থ সরবরাহ ও ব্যয়ন প্রক্রিয়া নিম্নরূপ হবেঃ

উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নিম্নলিখিত উল্লেখযোগ্য বিষয়গুলো ব্যয়ন পদ্ধতির পদক্ষেপ হবেঃ

- (১) উপজেলা পর্যায়ে ওয়েজ ও নন-ওয়েজ কন্সট এর সরকারী বরাদ্দ পত্রের ভিত্তিতে উপজেলা হিসাব রক্ষণ অফিসার উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত ইজিপিপি একাউন্টে ট্রেজারি চেক প্রদান করবেন।
- (২) নন-ওয়েজ কন্সট খাতের অর্থ উপজেলা নির্বাহী অফিসার এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে ইস্যুকৃত ক্রস চেকের মাধ্যমে পরিশোধযোগ্য। কাজ সমাপ্তির বিষয়ে উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) সরেজমিন পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট চূড়ান্ত প্রতিবেদন দিবেন। উক্ত প্রতিবেদন সাপেক্ষে অবশিষ্ট প্রয়োজনীয় অর্থ ছাড় করা যাবে। যে সব উপজেলায় উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) নেই সেখানে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিন পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট চূড়ান্ত প্রতিবেদন গেশ করবেন।
- (৩) দক্ষ শ্রমিকদের নগদ মজুরি প্রদানের সকল প্রয়োজনীয় তথ্য সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি সংরক্ষণ করবে। ছক-২৩ এর নমুনা অনুযায়ী দক্ষ শ্রমিকদেরকে নগদ মজুরি প্রদানের রশিদ/ভাউচারে স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- (৪) ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি নগদ খরচের হিসাব সংরক্ষণ এবং হিসাবের সাপ্তাহিক প্রতিবেদন উপজেলা কমিটির নিকট দাখিল করবে।

৪.৩ হিসাব সংরক্ষণ এবং আর্থিক প্রতিবেদন দাখিল পদ্ধতি

ইউনিয়ন কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের মাধ্যমে মজুরি ও নন-ওয়েজ খরচসহ মোট সম্পদের হিসাব সংরক্ষণ করবে। সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি ছক-২৫ এবং ইউনিয়ন কমিটি ছক-২৬ অনুযায়ী সাপ্তাহিক ইউনিয়ন প্রতিবেদন প্রস্তুত করবে। প্রতিবেদনের এক কপি উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবে, এক কপি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শন করবে এবং এক কপি ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ফাইলে সংরক্ষণ করবে।

৫.০ সংগ্রহ নীতি ও ক্রয় পদ্ধতি

প্রকল্পের সরঞ্জাম, উপকরণ ও দক্ষ শ্রমিক সংগ্রহের জন্য নন-ওয়েজ খাত হতে ব্যয় মিটানো হবে। ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি সংশ্লিষ্ট প্রকল্পে কোন নন-ওয়েজ কাজ প্রয়োজন হলে তা করার জন্য ইউনিয়ন কমিটির নিকট প্রস্তাব পেশ করবে। ইউনিয়ন কমিটি সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটিসমূহের নিকট হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ বিবেচনা করে এবং কোন কোন নন-ওয়েজ কাজ সম্পন্ন করা হবে সে বিষয়ে ইউনিয়ন কমিটি ইউনিয়নের জন্য প্রদেয় মোট নন-ওয়েজ বরাদ্দের আলোকে সিদ্ধান্ত গ্রহণ করবে। ইউনিয়ন কমিটি এই সিদ্ধান্ত উপজেলা কমিটি এবং সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটিসমূহকে জানিয়ে দিবে। ইউনিয়ন কমিটির ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি উক্ত সিদ্ধান্ত অনুসারে নন-ওয়েজ প্রকল্প বাস্তবায়িত হবে। যেসব প্রকল্পে নন-ওয়েজ কাজ বাস্তবায়িত হবে সে সব প্রকল্পের সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি উক্ত নন-ওয়েজ কাজ বাস্তবায়ন করবে। নন-ওয়েজ কাজের সরঞ্জাম/মালামাল ক্রয়ের ক্ষেত্রে এলজিইডি এর মালামাল/উপকরণ দর সিডিউল অনুসরণ করতে হবে এবং ক্রয়ের ক্ষেত্রে যাবতীয় সরকারি বিধি-বিধান অনুসরণ করতে হবে।

কর্মসূচি পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি

৬.১ রেকর্ড ও রেজিস্টার

তথ্যাদির যথাযথ সংরক্ষণ ও সময়মত প্রতিবেদন দাখিল, ইজিপিপি এর কার্যকর বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং তদারকির গুরুত্বপূর্ণ বিষয়। তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ সহজতরকরণে নিম্নোক্ত রেকর্ড/রেজিস্টার সংরক্ষণ করতে হবেঃ

ক্রঃ নং	রেজিস্টার/রেকর্ড	যে পর্যায়ে সংরক্ষণ করতে হবে	পরিচালনাকাল	দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ সংস্থা	সংযোজন নমুনা ছক
১.	জবকার্ড রেজিস্টার	বিতরণ ইউনিয়ন পরিষদ	জবকার্ড প্রদানের সময়	ইউনিয়ন কমিটি	ছক-৩১
২.	অভিযোগ রেজিস্টার	ইউনিয়ন, জেলা ও জাতীয় পর্যায়	যখন অভিযোগ পাওয়া যায়	ইউএনও, জেলা প্রশাসক ও মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	ছক-১৫

৩.	প্রাক ও কর্মোত্তর মাপ বহি	উপজেলা	সকল প্রকল্পের প্রাক জরিপ ও কর্মোত্তর জরিপের সময় ও তৎপরবর্তী	পিআইও/উপ- সহকারী প্রকৌশলী (প্রকল্প)	ছক-১৮ ও ছক-১৯
----	---------------------------	--------	--	--	------------------

৬.২ জাতীয় পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সাপ্তাহিক/মাসিক ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন এবং চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে। পরিদর্শন প্রতিবেদন ছক-১৭ অনুসারে প্রকল্প কর্মস্থান কেন্দ্রীয়, জেলা বা উপজেলা পর্যায়ের কর্মকর্তা দ্বারা পরিদর্শন সম্পন্ন করতে হবে।

৬.৩ জেলা পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার সহায়তায় জেলা কমিটি সকল উপজেলার কর্মসূচি সংক্রান্ত ও আর্থিক অগ্রগতি বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ বাস্তবায়ন প্রতিবেদন ছক-২৮ অনুযায়ী এবং প্রশাসনিক খাতের হিসাব ছক-৩০ অনুযায়ী প্রস্তুত করবে। জেলা প্রশাসক মতামতসহ তা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। জেলা কমিটি নির্বাচিত প্রকল্প এবং উপকারভোগীদের তথ্য ছক-৯ অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সংশ্লিষ্ট পরিচালকের নিকট প্রেরণ করবেন।

৬.৪ উপজেলা পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি

উপজেলা পর্যায়ে উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) প্রকল্পের পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিলের দায়িত্ব পালন করবেন। যে উপজেলায় উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) নেই সেখানে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এ কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত থাকবেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) ইউনিয়ন কমিটি/ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির নিকট থেকে তথ্য সংগ্রহ করে সাপ্তাহিক উপজেলা অগ্রগতি প্রতিবেদন ছক-২৭ অনুসারে এবং চূড়ান্ত প্রতিবেদন ছক-৩২ অনুযায়ী প্রস্তুত করবেন। এছাড়াও প্রশাসনিক খাতের হিসাব ছক-২৯ অনুযায়ী প্রণয়ন করবেন। উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে এসকল প্রতিবেদন জেলা প্রশাসক ও মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-এ প্রেরণ করবেন।

৬.৫ ইউনিয়ন পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি

ইউনিয়ন কমিটি প্রকল্পের কার্যাবলীর পরিবীক্ষণ ও প্রতিবেদনের মূল দায়িত্ব পালন করবে। প্রত্যেক প্রকল্পের জন্য গঠিত ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি এ ব্যাপারে ইউনিয়ন কমিটিকে সহযোগিতা করবে। বাস্তবায়ন পর্যয়ে ইউনিয়ন কমিটির সদস্য সচিব ইউনিয়ন হিসাব সহকারী/সচিব এর সহযোগিতার ইউনিয়নের সাপ্তাহিক বিস্তারিত প্রতিবেদন প্রস্তুত করবেন। এতে নিয়োজিত উপকারভোগীদের সংখ্যা, তাদের প্রাপ্যতা ও পরিশোধের বিবরণ

এবং সপ্তাহে ব্যাংকের প্রারম্ভিক ও শেষ উদ্বৃত্ত উল্লেখ থাকবে। ৩ কপি ইউনিয়ন প্রতিবেদন প্রণয়ন করতে হবে, এর এক কপি উপজেলা নির্বাহী অফিসার, এক কপি ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে, এক কপি সংশ্লিষ্ট কার্যালয়ের নথিতে রাখতে হবে।

৬.৬ প্রকল্প পর্যায়ে পরিবীক্ষণ ও প্রতিবেদন পদ্ধতি

সকল প্রকল্পের দৈনন্দিন বাস্তবায়ন কাজের তদারকি ও পরিবীক্ষণ এর দায়িত্ব ইউনিয়ন কমিটি ও সংশ্লিষ্ট ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির উপর বর্তাবে। ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটির দায়িত্বাবলী নির্দেশিকার অধ্যায়-২ এর সেকশন ২.৬.খ এ বর্ণনা করা হয়েছে।

তাছাড়াও ইউনিয়ন কমিটির তত্ত্বাবধানে প্রকল্প বাস্তবায়নকালে ওয়ার্ড প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নবর্ণিত দায়িত্বাবলী পালন করবেঃ

- প্রকল্পের যথাযথ বাস্তবায়ন, তদারকি ও পরিবীক্ষণে ইউনিয়ন কমিটি কর্তৃক প্রদত্ত কার্যাবলী সম্পাদন।
- ইউনিয়ন পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের গুণগতমান, পরিমাণ এবং সময়সূচি অনুসারে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে দৈনন্দিন পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা।
- প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্প বাস্তবায়ন কমিটি দ্বারা চিহ্নিত ত্রুটি/সমস্যা সমাধানে প্রথমে ইউনিয়ন কমিটিকে জানাতে হবে। ইউনিয়ন কমিটি এ ব্যাপারে কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ না করলে উপজেলা কমিটিকে, উপজেলা কমিটি এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ না করলে জেলা কমিটিকে অবহিত করতে হবে।
- প্রকল্পের পরিবেশ ও সামাজিক ক্ষিনিং ফরমে বর্ণিত পরিবেশ ও সামাজিকগত বিষয়াদির নিরাপত্তা নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.৭ নির্দেশিকার পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনঃ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ নির্দেশিকার প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবে।

অতিরিক্ত সচিব (দুব্য-২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

কেন্দ্রীয় পর্যায়ে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা কাঠামো

জাতীয় স্টিয়ারিং কমিটি (National Steering Committee (NSC))

দায়িত্বাবলী ও গঠন প্রণালী

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব এর নেতৃত্বে জাতীয় স্টিয়ারিং কমিটি গঠিত হবে যা নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবে।

- ক. দারিদ্র্য মানচিত্র, পারিবারিক আয় ব্যয় সার্ভে (HIES) এবং পরিসংখ্যান ব্যুরোর রিপোর্ট অনুযায়ী অতিদরিদ্র এলাকা এবং কর্মসূচির জন্য উপযুক্ত এলাকা নির্ধারণ ও অনুমোদন;
- খ. নীতি উপদেশ এবং প্রয়োগনত নির্দেশিকা প্রদান।
- গ. কার্য সম্পাদন নির্দেশিকা এবং কারিগরী, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে সকল প্রকার নিয়মনীতি অনুমোদন;
- ঘ. কর্মসূচির বাস্তব ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা ও দিক নির্দেশনা প্রদান;
- ঙ. বাস্তবায়ন সমস্যা এবং উত্থাপিত আপত্তি বিষয়ক সমস্যা সমাধান,
- চ. সরকারের অন্যান্য সামাজিক নিরাপত্তা কর্মসূচী (যেমন কাবিখা/টি.আর/ডিজিডি/ ভিজিএফ ইত্যাদি) এর মধ্যে সমন্বয়ের উপায় সম্পর্কিত সুপারিশ প্রদান;
- ছ. কর্মসূচি কার্যক্রম বাস্তবায়নের ফলাফল অবলোকন করা এবং নির্দেশনা প্রদান করা;
- জ. কর্মসূচি ব্যবস্থাপনার দুর্বলতা ও সম্পদ অপচয় রোধে যথাযথ নির্দেশনা প্রদান এবং দায়ী ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা;
- ঝ. প্রয়োজনীয় অন্যান্য নির্দেশনা প্রদান।

জাতীয় স্টিয়ারিং কমিটি বছরে ২ বার অথবা প্রয়োজন অনুসারে সভায় মিলিত হবে। কমিটি প্রয়োজন অনুসারে সদস্য কো-অপ্ট করতে পারবে। জাতীয় স্টিয়ারিং কমিটির গঠনপ্রণালী নিম্নরূপঃ

১.	সিনিয়র সচিব/ সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সভাপতি
২.	অতিরিক্ত সচিব(উন্নয়ন ও পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
৩.	মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	সদস্য
৪.	অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৫.	স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৬.	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৭.	কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য

৮.	মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৯.	সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১১.	পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১২.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৩.	পরিসংখ্যান ও তথ্য বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৪.	বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি (মহাব্যবস্থাপক পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৫.	পরিকল্পনা কমিশনের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৬.	IMED এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৭.	স্বাস্থ্য সেবা বিভাগ- এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৮.	মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরোর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৯.	অতিরিক্ত সচিব (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য

কেন্দ্রীয় পর্যায়ে প্রতিষ্ঠানিক ব্যবস্থাপনা কাঠামো

কেন্দ্রীয় কর্মসূচি বাস্তবায়ন কমিটি [Central Program Implementation Committee (CPIC)]

দায়িত্বাবলী ও গঠন প্রণালী

কেন্দ্রীয় কর্মসূচি বাস্তবায়ন কমিটি (CPIC): কর্মসূচি বাস্তবায়নের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর নেতৃত্বে একটি কেন্দ্রীয় কর্মসূচি বাস্তবায়ন কমিটি (CPIC) থাকবে। পরিচালক (কাবিখা) এ কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। কেন্দ্রীয় কর্মসূচি বাস্তবায়ন কমিটি প্রতি ৩ মাস অন্তর বা প্রয়োজন অনুসারে সভায় মিলিত হবে এবং কমিটি নিম্নরূপ দায়িত্ব পালন করবেঃ

- ক. সরকারি নিয়ম এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুসারে সামগ্রিক কর্মসূচির বাস্তবায়ন তত্ত্বাবধান;
- খ. কর্মসূচির কার্যক্রম ব্যবস্থাপনা, কর্মসূচি সংশ্লিষ্ট কর্মীবৃন্দের কর্মতৎপরতা ও কাজের মান তত্ত্বাবধান;
- গ. কর্মসূচির যথাসময়ে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান;
- ঘ. কাজের অগ্রগতি পর্যালোচনা, মূল্যায়ন ও পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- ঙ. কর্মসূচি বাস্তবায়নকালীন সময়ে উত্থাপিত বিষয়াদি ও সমস্যাসমূহ সমাধান;
- চ. অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে সমন্বয় সাধন;
- ছ. কর্মসূচির কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে কাজের তৎপরতা, অগ্রগতি ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জাতীয় স্টিয়ারিং কমিটিকে অবহিত রাখা।

কেন্দ্রীয় কর্মসূচি বাস্তবায়ন কমিটির (CPIC) গঠন প্রণালী নিম্নরূপঃ

১.	মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	সভাপতি
২.	যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
৩.	যুগ্মসচিব (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
৪.	পরিচালক (ভিজিডি), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	সদস্য
৫.	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৬.	সমবায় অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৭.	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৮.	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৯.	সমাজসেবা অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১০.	মৎস্য অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য

১১.	প্রাণীসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১২.	পরিকল্পনা কমিশনের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৩.	IMED এর প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৪.	স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৫.	মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৬.	পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৭.	পরিকল্পনা কমিশনের খাদ্য উইং এর কৃষি বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৮.	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১৯.	এনজিও বিষয়ক ব্যুরোর প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
২০.	সোনালী ব্যাংকের প্রতিনিধি (জেনারেল ম্যানেজার পদমর্যাদার নীচে নয়)	সদস্য
২১.	পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	সদস্য সচিব

জেলা পর্যায়ে প্রতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা কাঠামো

জেলা ইজিপিপি কমিটি
জেলা কমিটির দায়িত্বাবলী ও গঠন প্রণালী

প্রত্যেক জেলায় জেলা প্রশাসকের নেতৃত্বে একটি জেলা কমিটি জেলা পর্যায়ে ইজিপিপির কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয়ের দায়িত্ব পালন করবে। জেলা কমিটি প্রতি মাসে একবার সভায় মিলিত হবে এবং নিম্নবর্ণিত দায়িত্বাবলী পালন করবেনঃ

- ক. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দাখিলকৃত উপজেলা পরিকল্পনা ১৫ (পনের) দিনের মধ্যে আবশ্যিকভাবে অনুমোদন/মতামত প্রদান করতে হবে। অন্যথায় ১৫ (পনের) দিনের মধ্যে অনুমোদন/মতামত প্রদান না করলে উপজেলা পরিকল্পনা অনুমোদিত হয়েছে মর্মে গণ্য হবে;
- খ. উপজেলা পরিকল্পনাভুক্ত প্রকল্পের কাজের অগ্রগতি পর্যালোচনা করে এর সঠিক বাস্তবায়ন নিশ্চিত করা;
- গ. উপজেলা হতে প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থ দ্বারা সময়মত উপকারভোগীর মজুরি পরিশোধ নিশ্চিত;
- ঘ. সময় সময় কর্মসূচি বাস্তবায়ন পর্যালোচনা, পরিবীক্ষণ, মূল্যায়ন এবং পরামর্শ প্রদান;
- ঙ. কর্মসূচি বাস্তবায়নকালে কোন জটিল বিষয়ের উদ্ভব হলে তা সমাধান করা এবং প্রয়োজনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ করা;
- চ. জেলা পর্যায়ের বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় সাধন ও উপজেলা কমিটির সাথে সমন্বয় সাধন;
- ছ. কর্মসূচির জন্য বরাদ্দকৃত অর্থ আত্মসাৎ/অপচয় রোধ করা এবং এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া;
- জ. অভিযোগ নিষ্পত্তি অফিসার হিসেবে দায়িত্ব পালনে জেলা প্রশাসককে সহায়তা করা এবং অভিযোগ তদন্ত করা এবং অভিযোগ নিষ্পত্তি কার্যক্রমে পরামর্শ দেয়া;
- ঝ. জরুরী সাহায্যের প্রয়োজন হলে কোন বিশেষ এলাকাকে পরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য উপজেলা কমিটি বরাবরে সুপারিশ করা;
- ঞ. মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রণয়ন ও সুপারিশ সহকারে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-এ প্রেরণ করা; এবং
- ট. সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

১.	জেলার সকল মাননীয় সংসদ সদস্য	উপদেষ্টা
২.	জেলা প্রশাসক	সভাপতি
৩.	সিভিল সার্জন	সদস্য
৪.	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৫.	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৬.	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড	সদস্য
৭.	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৮.	জেলা শিক্ষা অফিসার	সদস্য

৯.	জেলা সমবায় অফিসার	সদস্য
১০.	জেলা প্রাণিসম্পদ অফিসার	সদস্য
১১.	জেলা মৎস্য অফিসার	সদস্য
১২.	উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর	সদস্য
১৩.	জেলা খাদ্য নিয়ন্ত্রক	সদস্য
১৪.	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
১৫.	জেলা মহিলা বিষয়ক অফিসার	সদস্য
১৬.	জেলা এডজুটেন্ট, আনসার ও ভিডিপি	সদস্য
১৭.	উপ-পরিচালক, বি আর ডি বি	সদস্য
১৮.	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর	সদস্য
১৯.	জেলা পর্যায়ের ব্যাংক অফিসার (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
২০.	সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থার ৩ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
২১.	জেলার ২ জন সম্মানিত ব্যক্তি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
২২.	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ডিআরআরও)	সদস্য সচিব

জেলা কমিটি কর্মসূচির প্রয়োজনে সদস্য কো-অপট করতে পারবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)

ওয়ার্ড কর্মপরিকল্পনার ফরমঃ প্রাথমিক প্রকল্প সনাক্তকরণ ও অগ্রাধিকার
(প্রস্তাবিত প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য দ্বারা সম্পন্ন ইউনিয়ন কমিটির নিকট প্রেরণ করা হবে)

ওয়ার্ড : _____ অর্থ বছর : _____
ইউনিয়ন : _____ উপজেলা ও জেলা : _____

ক্র. নং	প্রকল্পের বিস্তারিত			
ক.	সম্ভাব্যতা মূল্যায়ন			
১.	প্রস্তাবিত প্রকল্পের নাম ও বিবরণ			
২.	ওয়ার্ডের জন্য প্রকল্পের প্রয়োজনীয়তা			
৩.	অবস্থান			
৪.	কারণ ও ক্ষতির পরিমাণ	প্রকৃতি/মনুষ্যসৃষ্ট দুর্যোগ দ্বারা সৃষ্ট ক্ষতি	হ্যাঁ / না	
৫.	যদি ক্ষতির কারণে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হয়ে থাকে? (যথাযথ স্থানে টিক মার্ক দিন)	হ্যাঁ, আংশিকভাবে	হ্যাঁ, সম্পূর্ণভাবে	না
৬.	প্রকল্প হতে উপকারভোগী মানুষের সংখ্যা			
৭.	প্রতিষ্ঠান/ সরকারি জায়গার ধরন যা প্রকল্প হতে উপকৃত হবে?	প্রাথমিক বিদ্যালয়	উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	মহাবিদ্যালয়
		মসজিদ	মন্দির	সংঘ/ক্লাব
		নিবন্ধিত সমিতি	ঈদগাহ	কবরস্থান
		শ্মশান	খেলার মাঠ	কবরস্থান
৮.	প্রকল্প বাস্তবায়ন হতে অন্যান্য উপকারভোগী, যদি থাকে? (যথাযথ স্থানে টিক মার্ক দিন)	জলাধার		হ্যাঁ/না
		বন্যা/ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র		হ্যাঁ/না
		বাধাপ্রাপ্ত/ নিয়ন্ত্রিত জলাবদ্ধতা সমস্যা		হ্যাঁ / না
		আন্তঃগ্রাম সংযোগ		হ্যাঁ/না
		হাট/ বাজারের সাথে সংযোগ		হ্যাঁ/ না

		বন্যা/ ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রের সাথে সংযোগ	হ্যাঁ/না
		হেলিপ্যাডের সাথে সংযোগ	হ্যাঁ/না
		অন্যান্য (উল্লেখ করুন)	
৯.	এই প্রকল্পে পূর্বে কোন কাজ/ সংস্কার সাধন করা হয়েছে? (যদি হ্যাঁ হয়, যথাযথ স্থানে টিক মার্ক দিন)	৬ মাস পূর্বে	১ বছর পূর্বে
		২ বছরের অধিক সময় পূর্বে	২ বছর পূর্বে
			বা কখনো হয় নি

খ.	অগ্রাধিকার নির্ণয়			
	মানদণ্ডের জন্য নির্ণায়ক		নম্বর বরাদ্দ	নম্বর স্কোরিং
১.	প্রস্তাবিত প্রকল্প এলাকায় প্রাকৃতিক/মনুষ্যসৃষ্ট দুর্যোগে ক্ষতির হার	০ হতে ১০ ভাগের মধ্যে	৫	
		১১ হতে ২৫ ভাগের মধ্যে	১০	
		২৬ হতে ৫০ ভাগের মধ্যে	২০	
		৫১ হতে ৭৫ ভাগের মধ্যে	৩০	
		৭৬ হতে ১০০ ভাগের মধ্যে	৫০	
২.	ক্ষতির কারণে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত	ব্যাহত না	০	
		আংশিকভাবে ব্যাহত	১০	
		সম্পূর্ণভাবে ব্যাহত	২৫	
৩.	প্রকল্প বাস্তবায়ন হলে উপকৃত জনসংখ্যা	১-৫০০ জন	১০	
		৫০১-১০০০ জন	২০	
		১০০১-২০০০ জন	৩০	
		২০০১-৫০০০ জন	৪০	
		৫০০০ এর অধিক জন	৫০	
৪.	প্রকল্প হতে উপকৃত হবে এরূপ প্রতিষ্ঠান/ সরকারি জায়গার ধরন	উচ্চ মাধ্যমিক / মহাবিদ্যালয়	২৫	
		প্রাথমিক স্তর শিক্ষা প্রতিষ্ঠান	২০	
		মসজিদ/গির্জা/ঈদগাহ/মন্দির	১৫	

		সংঘ/খেলার মাঠ	১০	
৫.	প্রকল্প বাস্তবায়ন হতে অন্যান্য সুবিধা	আন্তঃগ্রাম সংযোগ পুনঃস্থাপন	১৫	
		আন্তঃইউনিয়ন সংযোগ পুনঃস্থাপন	২৫	
		হাট/বাজারের সাথে সংযোগ পুনঃস্থাপন	২০	
		ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রের সাথে সংযোগ পুনঃস্থাপন	২৫	
		বন্যা আশ্রয় কেন্দ্রের সাথে সংযোগ পুনঃস্থাপন	২৫	
		হেলিপ্যাডের সাথে সংযোগ পুনঃস্থাপন	১৫	
		জলাশয় হিসেবে ব্যবহৃত	১৫	
		বন্যা/ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত	১৫	
		বাধাগ্রস্ত/নিয়ন্ত্রিত জলাবদ্ধতা	২০	
৬.	সাম্প্রতিক অতীতে কাজ করা হয়েছে	বিগত ৬ মাসে যে সব কাজ/ সংস্কার করা হয়েছে	০	
		বিগত ১ বছরে যে সব কাজ / সংস্কার করা হয়েছে	৫	
		বিগত ২ বছরের যে সব কাজ/ সংস্কার করা হয়েছে	১০	
		১ বছরের অধিক সময়ে যে সব কাজ / সংস্কার করা হয়েছে	১৫	
		কোন কাজ / সংস্কার করা হয়নি	২৫	
		সর্বমোট নম্বর স্কোর		

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)

ওয়ার্ড কর্মপরিকল্পনার ফরমঃ প্রাথমিক ভাবে প্রকল্প নির্বাচন তালিকা
(সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য দ্বারা সম্পন্ন হবে ইউনিয়ন কমিটির নিকট প্রেরণ করা হবে)

ওয়ার্ড নং: অর্থ বছর :
ইউনিয়ন : উপজেলা ও জেলা :
ওয়ার্ড পর্যায়ের পরিকল্পনা সভা:
তারিখ : সভার স্থান:

ক্র. নং	প্রকল্পের নাম/ বিবরণ	ওয়ার্ড অগ্রাধিকার তালিকায় নম্বর স্কোর	ওয়ার্ড অগ্রাধিকার তালিকায় মর্যাদাক্রম	উপকারভোগীর সংখ্যা		মালামাল ও সরঞ্জামাদির প্রয়োজনীয়তা				প্রাক্কলিত ব্যয়			মন্তব্য (যদি থাকে)
						৭	৮	৯	১০	১১	১২	১৩	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
				অদক্ষ শ্রমিক	দক্ষ শ্রমিক	ধরন সিটি/১	সিটি/২	সিটি/৩	সিটি/৪	অদক্ষ উপকারভোগীর (মজুরির পরিমাণ)	দক্ষ শ্রমিক (নন-ওয়েজ খরচ)	মালামাল ও সরঞ্জাম (নন-ওয়েজ খরচ)	
১.													
২.													
৩.													

সিটি১= ইট; সিটি২= বালু; সিটি৩ = সিমেন্ট, সিটি৪ = অন্যান্য সরঞ্জাম (উল্লেখ করুন)

সভায় সভাপতিত্বকারী ওয়ার্ড সদস্যের নাম ও স্বাক্ষর

ওয়ার্ড পর্যায়ের পরিকল্পনা সভায় উপস্থিত ৫ জন সামাজিক সদস্যের স্বাক্ষর (একজন মহিলা সদস্যসহ)

- | | | |
|----|--------------------|----------------------------|
| ১. | (স্বাক্ষর / টিপসই) | স্বাক্ষরকারীর নাম ও ঠিকানা |
| ২. | (স্বাক্ষর / টিপসই) | স্বাক্ষরকারীর নাম ও ঠিকানা |
| ৩. | (স্বাক্ষর / টিপসই) | স্বাক্ষরকারীর নাম ও ঠিকানা |
| ৪. | (স্বাক্ষর / টিপসই) | স্বাক্ষরকারীর নাম ও ঠিকানা |
| ৫. | (স্বাক্ষর / টিপসই) | স্বাক্ষরকারীর নাম ও ঠিকানা |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)

উপকারভোগীদের নিবন্ধনের জন্য আবেদন ফরম

প্রতি
ওয়ার্ড সদস্য
ওয়ার্ড নং
ইউনিয়ন পরিষদ.....
তারিখ

প্রতি
কর্মসূচি বাস্তবায়ন কর্মকর্তা
উপজেলা.....
জেলা.....
আবেদন কোড.....
(ওয়ার্ড সদস্য দ্বারা পূরণ হবে)

বিষয়: অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় কর্মী হিসেবে নিবন্ধনের জন্য আবেদন।

জনাব/জনাবা

আমিপিতা/স্বামী.....

ইজিপিপির আওতায় কর্মী হিসেবে নিবন্ধিত হওয়ার জন্য আবেদনপত্র দাখিল করলাম। আমি সংশ্লিষ্ট ডব্লিউপিআইসি / সদস্য সচিবের নির্দেশনা অনুসারে অদক্ষ ম্যানুয়াল কাজ স্বেচ্ছায় গ্রহণ করতেও ইচ্ছুক আছি। আমার বিস্তারিত নিম্নে প্রদান করা হল।

ক্র. নং	আবেদনকারীর বিস্তারিত (আবশ্যিক)	আবেদনকারী বিস্তারিত (যথাযথ)	
১.	আবেদনকারীর বয়স (বছর)		
২.	লিঙ্গ	পুরুষ / মহিলা / তৃতীয় লিঙ্গ	
৩.	পূর্ণাঙ্গ ঠিকানা		
৪.	ফোন/সেল নম্বর (যদি থাকে)		
৫.	আবেদনকারী ভোটার আইডি কার্ড নম্বর		
৬.	জব কার্ডের নম্বর (যদি ইতিপূর্বে ইজিপিপি নিবন্ধিত)		
৭.	শিক্ষাগত যোগ্যতা		
৮.	আবেদনকারীর পেশা (যথাযথ স্থানে টিক দিন)	দিন মজুর	রিজ্ঞা/ভ্যান চালক
		মৎস্যজীবী	ক্ষুদ্র ব্যবসায়ী
		অন্যান্য (উল্লেখ করুন)	

৯.	বিস্তারিত ব্যাংক হিসাব (যদি থাকে)	ব্যাংক নাম ও শাখা		
		হিসাব নম্বর		
১০.	জমি/অন্যান্য সম্পদের মালিকানা (বসতিভিটা ছাড়া)			
১১.	আবেদনকারীর পরিবারের সদস্য সংখ্যা			
১২.	পরিবারের উপার্জনক্ষম সদস্য সংখ্যা			
১৩.	আবেদনকারীর মাসিক আয়			
১৪.	আবেদনকারী বা তার পরিবারে কোন সদস্য ভিজিডি কর্মসূচির আওতায় উপকারভোগী	হ্যাঁ/ না		
১৫.	সাম্প্রতিক দুর্যোগের দ্বারা আবেদনকারী গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত কিনা?	হ্যাঁ/না		
১৬.	আবেদনকারী বিগত এক বছরে বর্ণিত কর্মসূচির আওতায় সুবিধা ভোগ করেছেন কী?	ভিজিএফ	জিআর ক্যাশ	সিআই শীট
		শীতবস্ত্র	জিআর ফুড	হাউজ গ্র্যান্ট
১৭.	আবেদনকারী সরকারের পৃষ্ঠপোষকতায় কোন নিরাপত্তা বেস্টনি কর্মসূচির আওতায় সহায়তা পেয়েছেন কি?	হ্যাঁ/না		

(আবেদনকারীর স্বাক্ষর /টিপসই)

.....এখানে কর্তন

করুন.....

(সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য পূরণ করবে)

ইজিপিপির অধীনে কাজের জন্য জনাব/জনাবা..... পিতা/স্বামী.....

আবাসিক ওয়ার্ড নং, ইউনিয়ন পরিষদ, উপজেলা.....,

জেলা..... কর্তৃক আবেদনপত্রটি পাওয়া গেছে। এই আবেদনপত্রের কোড নং....., ইউনিয়ন

ও উপজেলা কমিটি কর্তৃক আবেদনপত্রটি অনুমোদিত হলে আপনার তালিকাভুক্তির অবস্থা সম্পর্কে জানানো হবে।

(ওয়ার্ড সদস্যের স্বাক্ষর/ টিপসই)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)

ইজিপিপির উপকারভোগীদের অগ্রাধিকার তালিকা নির্ধারণী ছক

জেলা..... উপজেলা..... ইউনিয়নঃ..... ওয়ার্ড নং.....

ক্রমিক নং	উপকারভোগীর নাম, পিতা/স্বামীর নাম, ভোটার আইডি নং	পেশাভিত্তিক প্রাপ্ত নম্বর	মাসিক আয় ভিত্তিক প্রাপ্ত নম্বর	নিজস্ব জমিভিত্তিক প্রাপ্ত নম্বর	দুর্যোগে ক্ষতিগ্রস্ততার ভিত্তিতে প্রাপ্ত নম্বর	সহায়তা প্রাপ্তি বিষয়ক প্রাপ্ত নম্বর	মোট প্রাপ্ত নম্বর	অগ্রাধিকার ক্রম নম্বর
১	ক	৫	৮	৮	৫		২৬	১
২	খ	২	৪	৫	-		১১	৩
৩	গ	৪	২	৭	-		১১	২
৪	ঘ	৫	১	৩	-		৯	৪
৫								
৬								
৭								
৮								
৯								
১০								
১১								
১২								
১৩								
১৪								
১৫								
১৬								
১৭								
১৮								

১৯								
২০								

পেশাভিত্তিক প্রাপ্ত নম্বরঃ কৃষি শ্রমিক-(৫), রিক্সা-ভ্যান চালক-(৪), মৎস্যজীবী-(৩), ক্ষুদ্র ব্যবসায়ী-(২)

মাসিক আয় ভিত্তিক প্রাপ্ত নম্বরঃ মাসিক আয় ১৫০০/-টাকা পর্যন্ত-(১০), মাসিক আয় ২০০০/-টাকা পর্যন্ত-(৮), মাসিক আয় ২৫০০/-টাকা পর্যন্ত-(৬), মাসিক আয় ৩০০০/-টাকা পর্যন্ত-(৪), মাসিক আয় ৩৫০০/-টাকা পর্যন্ত-(২), মাসিক আয় ৪০০০/-টাকা পর্যন্ত-(১)নিজস্ব জমিভিত্তিক প্রাপ্ত নম্বরঃ বসতভিটাসহ মোট জমি ০ শতাংশ পর্যন্ত-(১০), বসতভিটাসহ মোট জমি ২.৫ শতাংশ পর্যন্ত-(৮), বসতভিটাসহ মোট জমি ৫ শতাংশ পর্যন্ত-(৭), বসতভিটাসহ মোট জমি ৭.৫ শতাংশ পর্যন্ত-(৫), বসতভিটাসহ মোট জমি ১০ শতাংশ পর্যন্ত-(৩), বসতভিটাসহ মোট জমি ১৫ শতাংশ পর্যন্ত-(২), বসতভিটাসহ মোট জমি ১৫ শতাংশের বেশি-(২৫)।

দুর্যোগে মারাত্মক ক্ষতিগ্রস্ততার ভিত্তিতে প্রাপ্ত নম্বরঃ (৫), আংশিক ক্ষতিগ্রস্ত হলে-(৩)

সহায়তা প্রাপ্তি বিষয়ক প্রাপ্ত নম্বরঃ ভিজিএফ-(৫), জিআর ক্যাশ-(৩), ডেউটিন-(১০), শীতবস্ত্র-(৫), জিআর খাদ্যশস্য-(৩), গৃহ বাবদ

মঞ্জুরীঃ (-৫), সরকার কর্তৃক অন্য কোন সহায়তা প্রাপ্তি নম্বরঃ (-৪)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্তদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)
ইজিপিপির উপকারভোগীদের অগ্রাধিকার তালিকা নির্ধারণী ছক

ওয়ার্ড নং.

ইউনিয়ন:

উপজেলা :

জেলা:

তারিখ:

সভার স্থান:

ক্রঃ নং	জাতীয় পরিচয় পত্র নং	নাম	পিতা/স্বামীর নাম	ঠিকানা	লিঙ্গ (পুরুষ/ মহিলা / তৃতীয় লিঙ্গ)	পরিবারের সদস্য সংখ্যা	ওয়ার্ড অগ্রাধিকার তালিকার নম্বর স্কোর						মতব্য (প্রকল্প নং)		
							পেশা	মাসিক আয়	জমির মালিকানাশ্বত্ব	দুর্যোগ দ্বারা আক্রান্তের কারণে প্রাপ্ত সুবিধাদি	অগ্রাধিকার নির্ণয়ের মানদণ্ডে প্রাপ্ত নম্বর	অগ্রাধিকার ক্রমিক নম্বর		অগ্রাধিকার ব্যংকের নাম	হিসাব নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)

সভায় সভাপতিত্বকারী ওয়ার্ড সদস্যের নাম ও স্বাক্ষর

ওয়ার্ড পর্যায়ের পরিকল্পনা সভায় উপস্থিত ৫ জন সামাজিক সদস্যের স্বাক্ষর (একজন মহিলা সদস্যসহ)

১. (স্বাক্ষর / টিপসই)
স্বাক্ষরকারীর নাম ও ঠিকানা
২. (স্বাক্ষর / টিপসই)
স্বাক্ষরকারীর নাম ও ঠিকানা

স্কোরিং ধরন দেখার জন্য অপর পৃষ্ঠা দৃষ্টব্য =>

অগ্রাধিকার ফোরিং নিগয়

পেশা	বরাদ্দকৃত নম্বর	মাসিক আয় (টাকা)	বরাদ্দকৃত নম্বর	জমির মালিকানাধ্বত	বরাদ্দকৃত নম্বর	দুর্যোগে ক্ষতিগ্রস্ত সম্পদ	বরাদ্দকৃত নম্বর	অন্যান্য এসএসএন সুবিধা প্রাপ্ত	বরাদ্দকৃত নম্বর
কৃষি শ্রমিক	৫	১৫০০ টাকার নীচে	১০	বাস্তুভিটা ০.২৫ একর	১০	গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত	৫	ভিজিএফ	-৫
মৎস্যজীবী	৩	২০০০ টাকার নীচে	৮	বাস্তুভিটা .০২৫ একর এর কম	৮	আংশিকভাবে ক্ষতিগ্রস্ত	৩	জিআর	-৩
ক্ষুদ্র ব্যবসায়ী	২	২৫০০ টাকার নীচে	৬	বাস্তুভিটা .০৫ একর এর কম	১০			সিআই পীট	-১০
রিক্সা/ভ্যান চালক	৪	৩০০০ টাকার নীচে	৪	বাস্তুভিটা .০৭৫ একর এর কম	৫			শীত বস্ত্র	-৫
		৩৫০০ টাকার নীচে	২	বাস্তুভিটা .১০ একর এর কম	৩			জিআর খাদ্যশস্য	-৩
				বাস্তুভিটা .১৫ একর এর কম	-৫			গৃহ অনুদান	-৫
				বাস্তুভিটা .১৫ একর এর কম	-২৫			সরকার হতে অন্য কোন সুবিধা	-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিদ্রবিরোধের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)
সামাজিক প্রকল্পের ডিজাইন ও বাজেট প্রাক্কলন
(পিআইও/উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) / সংশ্লিষ্ট কারিগরি স্টাফের সহযোগিতায় ইউনিয়ন কমিটি সম্পন্ন করবে)

জেলাঃ

উপজেলাঃ

ইউনিয়নঃ

ওয়ার্ড নং.

প্রকল্পের অবস্থানঃ

ইউনিয়নের জনসংখ্যা :

প্রকল্পের নামঃ

ক.ক্র. নং	সংক্ষিপ্ত বিবরণ	কর্মের ধরন (যেখাযে স্থানে টিক মার্ক দিন)				এই প্রকল্পের অধীন বিগত ৩ বছরে যে সব কাজ করা হয়েছে (যদি থাকে)		মাসিক প্রয়োজন অদক্ষ	প্রয়োজনীয় মানামাল ও সরঞ্জাম (প্রয়োজন হলে আরও কলাম সংযোজন করা যেতে পারে)					প্রারম্ভিত ব্যয় (টাকা)							
		কর্মের ধরন	যেখাযে স্থানে টিক মার্ক দিন	কর্মের ধরন	যেখাযে স্থানে টিক মার্ক দিন	বছর	কর্মের ধরন		সম্পন্নের শেডিউল	নোট	সংখ্যা / ব্যাপ্তি	দক্ষ	সিটি১	সিটি২	সিটি৩	সিটি৪	অদক্ষ শ্রমিক (মজুরি পরিমাণ)	দক্ষ শ্রমিক (নন-ওয়েজ ব্যয়)	মানামাল ও সরঞ্জামাদি (নন-ওয়েজ ব্যয়)		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	
১.	সড়ক																				
২.	সড়ক কাম বাধ																				
৩.	পুকুর																				
৪.	মাটি ভরাট																				
৫.	খাল																				
৬.	অন্যান্য উল্লেখ করুন																				

সিটি১ = ইট; সিটি২ = বালু; সিটি৩ = সিমেন্ট; সিটি৪ = অন্যান্য সরঞ্জাম (উল্লেখ করুন)

খ.	প্রকল্পের নকশা												
	সড়ক/সড়ক কাম বাধ / খালের জন্য প্রকল্প												
	চেইনএজ		মোট দৈর্ঘ্য		দৈর্ঘ্য বাদ		প্রযোজ্য দৈর্ঘ্য		প্রকল্পের নকশা				
হতে	পর্যন্ত	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	সর্বোচ্চ বন্যা স্তর	ডিজাইন ঘনমান

১. পুকুরের জন্য প্রকল্প									
প্রস্তাবিত	দৈর্ঘ্য	প্রস্থ	গভীরতা	ঢাল প্রান্তের অনুপাত	ডিজাইন ঘনমান				
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)				
প্রথম স্তর	উপরিভাগের পরিমাপ								
	তলদেশের পরিমাপ								
	গড়								
দ্বিতীয় স্তর*	উপরিভাগের পরিমাপ								
	তলদেশের পরিমাপ								
	গড়								
				মোট					
				মোট মাটির পরিমাণ					
				বাদ প্রাক-কম পরিমাপ (যদি থাকে)					
				মোট মাটির পরিমাণ					

* পুকুরের গভীরতার উপর নির্ভর করে পুকুরের দুটি স্তর খননের জন্য প্রযোজ্যঃ

২. স্থায়ী অবকাঠামো নির্মাণের জন্য প্রকল্প (কোলভার্ট, পাইপ কোলভার্ট, প্রাসাইডিং ওয়াল, সীমানা প্রাচীর ইত্যাদি)

